# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৬ সালের ৩য় বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৮ মার্চ, ২০১৬ |
| সময় | ঃ | বেলা ১০-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্য বিষয়-১: ১৫ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা : গত ১৫ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে অনুষ্ঠিত ২০১৬ সালের ২য় বোর্ডসভার আলোচ্য বিষয়-৫ এর সিদ্ধান্তের উপর আলোচনাক্রমে ঢাকা সেনানিবাসে মশক নিধন কার্যক্রম পরিচালনার জন্য স্টেশন হেলথ অর্গানাইজেশন ও ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সমন্বিতভাবে সিডিউল প্রস্তুত করে সে মোতাবেক কার্যক্রম গ্রহণ এবং মশক নিধন সিডিউল ক্যাবল টিভিতে নিয়মিতভাবে প্রচার, রজনীগন্ধা সুপার মার্কেটে স্বাস্থ্য সম্মত পরিবেশ ও অস্বাস্থ্যকর খাবার হোটেল যাতে পরিচালিত না হয় সে লক্ষ্যে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা এবং বাজারের আভ্যন্তরীন রাস্তায় রিকশা, গাড়ী ইত্যাদির চলাচল বন্ধ করা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : সম্মানিত সদস্য কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক এর প্রস্তাবের প্রেক্ষিতে এবং সম্মানিত সদস্য জনাব হেলাল উদ্দিন আহ্‌মেদ এর সমর্থনে বিগত সভার (২০১৬ সালের ২য় বোর্ডসভার) কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হয়।

আলোচ্য বিষয়-২: ফেব্রুয়ারি ২০১৬ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

আলোচনা : ফেব্রুয়ারি, ২০১৬ মাসে বিভিন্ন খাতে আদায় ৯২,২৫,৫৩৫.০০ (বিরানব্বই লক্ষ পঁচিশ হাজার পাঁচশত পঁয়ত্রিশ) টাকা এবং ২০১৫-২০১৬ অর্থ বছরের ক্রমপুঞ্জিভুত আদায় ১১,৮০,৪৪,৯৪৭.০০ (এগার কোটি আশি লক্ষ চুয়াল্লিশ হাজার নয়শত সাতচল্লিশ) টাকা। প্রাক্কলিত মোট দাবীর বিপরীতে আদায়ের হার ৮১.৭১%। গৃহকরের নতুন খাত ও পরিধি চিহ্নিত হওয়ায় প্রাক্কলিত লক্ষ্যমাত্রার চেয়েও অধিক আদায় হবে মর্মে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার সভাকে অবহিত করেন।

সিদ্ধান্ত : পূর্বের বকেয়াসহ ২০১৫-২০১৬ আর্থিক সালের মোট আদায়যোগ্য ১৪,৪৪,৫৫,৫৫০.০০ (চৌদ্দ কোটি চুয়াল্লিশ লক্ষ পঞ্চান্ন হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা জুন, ২০১৬ এর মধ্যে আদায়ের লক্ষ্যে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং অদ্যাবধি যে সকল স্থাপনা/ভবন করের আওতায় আসেনি সেগুলো চিহ্নিত করে করের আওতায় আনার কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-৩: ফেব্রুয়ারি, ২০১৬ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

আলোচনা : ফেব্রুয়ারি, ২০১৬ মাসে স্থানীয় আয়ের উৎস হতে বোর্ডের মোট ১,৫২,৮৭,২৫০.০০ (এক কোটি বায়ান্ন লক্ষ সাতাশি হাজার দুইশত পঞ্চাশ) টাকা আয় হয়েছে। মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ সর্বমোট আয় ৯,৬৪,০৭,০৭৯.২৮ টাকা (নয় কোটি চৌষট্টি লক্ষ সাত হাজার উনআশি) টাকা। আলোচ্য সময়ে সর্বমোট ব্যয় ২,৬০,৭৩,৮২৫.০০ টাকা (দুই কোটি ষাট লক্ষ তিয়াত্তর হাজার আটশত পঁচিশ) টাকা।

সিদ্ধান্ত : ফেব্রুয়ারি ২০১৬ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-৪: ফেব্রুয়ারি ২০১৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন।

আলোচনা : স্টেশন হেলথ অফিসার কর্তৃক উপস্থাপিত স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় সেনানিবাসের পরিষ্কার পরিচ্ছন্নতা সন্তোষজনক হলেও ময়লা-আবর্জনা যত্রতত্র ফেলা পুরোপুরি বন্ধ হয়নি মর্মে সভায় মত প্রকাশ করা হয়। রজনীগন্ধা সুপার মার্কেটের ভাসমান হোটেলে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার রান্না ও পরিবেশন করা হচ্ছে মর্মে মত প্রকাশ করা হয়। ১৫ জানুয়ারি, ২০১৬ হতে ১৪ ফেব্রুয়ারি, ২০১৬ পর্যন্ত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে ৪৭ জন ডেঙ্গু আক্রান্ত রোগী ভর্তি হয় এবং সিএমএইচ, ঢাকায় ১৫ জন ডেঙ্গু রোগী চিকিৎসা গ্রহণ করেন। স্কুল কলেজের টয়লেটের পরিষ্কার-পরিচ্ছন্নতা আরো উন্নত করা প্রয়োজন মর্মে প্রতিবেদনে উল্লেখ করা হয়।

সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাসে স্বাস্থ্য সম্মত পরিবেশ বজায় রাখার লক্ষ্যে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করতে হবেঃ-

৪.১। যত্রতত্র গৃহস্থালি বর্জ্য ফেলা বন্ধ করার জন্য স্টেশন সদর দপ্তর, স্টেশন হেলথ অফিস এবং ক্যান্টনমেন্ট বোর্ড অফিস সকলকে অবহিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা নিবে এবং অমান্যকারীদের জরিমানার আওতায় আনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.২। মশা-মাছি-কীট পতঙ্গ দমনে ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন হেলথ অফিসারকে সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে।

৪.৩। রজনীগন্ধা সুপার মার্কেটের ভাসমান হোটেল অপসারণ ও স্থায়ী খাবার হোটেলের স্বাস্থ্য সম্মত পরিবেশ ও খাবার পরিবেশন নিশ্চিত করার জন্য নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।

৪.৪। স্কুল কলেজের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা, বিশেষ করে টয়লেটের পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য সেনানিবাসের সকল স্কুল-কলেজের অধ্যক্ষকে তাগিদ প্রদান করতে হবে।

আলোচ্য বিষয়-৫: ফেব্রুয়ারি ২০১৬ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জন্ম নিবন্ধন প্রতিবেদন।

আলোচনা : ফেব্রুয়ারি, ২০১৬ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে মোট ২৫০ টি জন্ম নিবন্ধন ও ০৪টি মৃত্যু নিবন্ধন করা হয়েছে এবং উক্ত সময়ে বনানী সামরিক কবরস্থানে মোট ১৩ জনকে দাফন করা হয়েছে।

সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাসের সকল বাসিন্দার জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং এর রেকর্ড যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

আলোচ্য বিষয়-৬: ক্যান্টনমেন্ট বোর্ড হাই স্কুল, মিরপুর এর জন্য ভবন নির্মাণের অর্থায়ন।

আলোচনা : মিরপুর সেনানিবাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত ক্যান্টনমেন্ট বোর্ড হাই স্কুল, মিরপুর এর জন্য সেনাসদর, কিউএমজি শাখা কর্তৃক ১.৭৯ একর জমি বিশিষ্ট স্থান নির্বাচন করা হয়েছে। উক্ত জমিটি 'এ' শ্রেনীভুক্ত বিধায় জমির শ্রেণী পরিবর্তন করে 'সি' শ্রেণিতে রূপান্তর ও ক্যান্টনমেন্ট বোর্ডকে হস্তান্তর করা প্রয়োজন। উক্ত জমিতে বিদ্যালয় ভবন নির্মাণের জন্য প্রাথমিক নকশা প্রস্তুত করা হয়েছে। ভবন নির্মাণের জন্য অনুদান/দান সংগ্রহের প্রচেষ্টা চলমান আছে।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বোর্ড হাই স্কুল, মিরপুর এর ভবন নির্মাণের জন্য-

৬.১। জমির শ্রেণী পরিবর্তনসহ ক্যান্টনমেন্ট বোর্ডের নিকট হস্তান্তরের জন্য সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

৬.২। নকশা ও মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

৬.৩। ভবন নির্মাণের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অনুদান/দান সংগ্রহের কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-৭: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি ঃ-

| ক্রঃ নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/ আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআইএর ছাড়পত্র নম্বর ও তারিখ/ ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-২৩/বি, ফ্ল্যাট নং-৫০১ (৫ম তলা) রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস ফজিলাতুন নেছা গজনবী, স্বামী-মরহুম আমির জং ওরফে মোঃ গজনবী, বাড়ী নং-২৩/বি, রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-১৯/১০/২০১৫ | ১। জনাব মোঃ ইব্রাহিম খলিল, পিতা-মৃত আব্দুল ওয়াহেদ মোল্লা, বাড়ী নং-২৩/বি, ফ্ল্যাট নং-৫০১ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস | ০১/০৩/২০১৬ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০.০২৯.০৪.০১.০৩.১৬ | ফ্ল্যাটের আয়তন ১৩৭০ বঃফুঃ (নিচ তলায় একটি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর ৯০০০/- টাকা জুন, ২০১৬ পরিশোধ। অননুমোদিত নির্মান নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৪ নং রোডে ২৩/বি নং প্লটে নির্মিত ০৬ তলা বাড়ীর ১৩৭০ বঃফুঃ বিশিষ্ট ৫০১ (৫ম তলা) নং ফ্ল্যাটটি (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ) জনাব মোঃ ইব্রাহিম খলিল, পিতা মৃত আব্দুল ওয়াহেদ মোল্লা এর নিকট বিক্রয়/হস্তান্তরের জন্য ফ্ল্যাটটির মালিক মিসেস ফজিলাতুন নেছা গজনবী, স্বামী-মরহুম আমীর জং ওরফে মোঃ গজনবী গত ১৯ অক্টোবর, ২০১৫ তারিখে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর কর্তৃক ০১ মার্চ, ২০১৬ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০.০২৯.০৪.০১.০৩.১৬ নং পত্রের মাধ্যমে নিরাপত্তা ছাড় পত্র প্রদান করা হয়। উক্ত ফ্ল্যাটের বার্ষিক গৃহকর ৯,০০০/- টাকা জুন,২০১৬ পর্যন্ত পরিশোধ আছে। সংশ্লিষ্ট প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি নেই।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/বি নং প্লটে নির্মিত বাড়ীর ১৩৭০ বঃফুঃ বিশিষ্ট ৫০১ (৫ম তলা) নং ফ্ল্যাটটি (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ) প্রস্তাবিত ক্রেতা জনাব মোঃ ইব্রাহিম খলিল, পিতা মৃত আব্দুল ওয়াহেদ মোল্লা এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়।

আলোচ্য বিষয়-৮: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬ নং প্লটে নির্মিত বাড়ীর ২/বি ফ্ল্যাটের মালিক মিসেস মঞ্জুশ্রী সরকার এর মৃত্যুর কারণে তাঁর উত্তরাধিকারীদের নামে নামজারী।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডে ২৬ নং প্লটে নির্মিত বাড়ীর ১০৯০ বর্গফুট আয়তন বিশিষ্ট ২/বি (২য় তলার উত্তর-পশ্চিম পার্শ্ব) নং ফ্ল্যাটটির (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) মালিক মিসেস মঞ্জুশ্রী সরকার, স্বামী-বিমল কান্তি সরকার। মিসেস মঞ্জুশ্রী সরকার ১০ এপ্রিল, ২০১৫ তারিখে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তিনি (১) স্বামী-বিমল কান্তি সরকার (২) কন্যা-দেবযানী সরকার ও (৩) নাতনী-ঐশ্বর্য তিলোত্তমা সহ মোট ০৩(তিন) জন উত্তরাধিকারী রেখে গেছেন। জনাব বিমল কান্তি সরকার উক্ত ফ্ল্যাটটি তাঁদের ০৩(তিন) জনের নামে নামজারী করার জন্য উত্তরাধিকার সনদপত্র ও অন্যান্য কাগজপত্রসহ গত ৯ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে আবেদন করেন। এ বিষয়ে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিজ্ঞ আইন উপদেস্টার আইনী মতামত চাওয়া হলে বোর্ড নির্ধারিত ফি (যদি থাকে) আদায় সাপেক্ষে আবেদনকারীদের নামে নামজারী করা হলে আইনগত কোন বাধা নাই মর্মে জানান। উল্লেখ্য, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। উক্ত ফ্ল্যাটটির বাৎসরিক গৃহকর ১১,২৫০.০০ (এগার হাজার দুইশত পঞ্চাশ) টাকা জুন ২০১৬ পর্যন্ত পরিশোধ করা হয়েছে।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬ নং প্লটে নির্মিত বাড়ীর ১০৯০ বর্গফুট আয়তন বিশিষ্ট ২/বি (২য় তলার উত্তর-পশ্চিম পার্শ্ব) নং ফ্ল্যাটটি (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে মৃত মঞ্জুশ্রী সরকার এর নিম্নবর্ণিত উত্তরাধিকারীদের নামে নামজারী করা হয়ঃ-

| ক্রমিক নং | নাম | সম্পর্ক |
|---|---|---|
| (১) | জনাব বিমল কান্তি সরকার | স্বামী |
| (২) | দেবযানী সরকার | কন্যা |
| (৩) | ঐশ্বর্য তিলোত্তমা | নাতনী |

আলোচ্য বিষয়-৯: রেডিসন ব্লু ঢাকা ওয়াটার গার্ডেন এর হোল্ডিং ট্যাক্স নির্ধারণ ও পরিশোধ।

আলোচনা : ঢাকা ক্যান্টমেন্টের আওতাধীন 'বি' শ্রেণীভূক্ত জমিতে ভবন নির্মাণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড হতে ১৪/১/২০০৩ তারিখ নকশা অনুমোদন নিয়ে ২,১৪,১১১.৮১ বর্গফুট আয়তনের হোটেল নির্মাণ করে বাণিজ্যিক ভিত্তিতে ব্যবহার করা হচ্ছে। উক্ত হোটেল/প্রতিষ্ঠানের হোল্ডিং ট্যাক্স নির্ধারন না করার ফলে প্রতিরক্ষা অডিট অধিদপ্তর ২০ এপ্রিল ২০১৫ তারিখের ডিএডি প্রোগ্রাম সেল/স্পেশাল অডিট/২০১৪-১৫/২০/২৫ নং পত্রে ২০০৯-২০১০ থেকে ২০১৩-২০১৪ সন পর্যন্ত ওয়াটার গার্ডেন হোটেলে এর সম্পূর্ণ এরিয়া ২,১৪,১১১.৮১ বর্গফুট × ৮/- টাকা × ১০ মাস = ১,৭১,২৮,৯৪৪.৮০ টাকার × ১২.৫০% হারে গৃহকর = ২১,৪১,১১৮/১০-টাকা (প্রতি বছর) × ৫ বছর = ১,০৭,০৫,৫৯০.৫০ টাকা। উক্ত টাকার উপর ৫% হারে সারচার্জ ৫,৩৫,২৭৯.৫০ টাকাসহ সর্বমোট ১,১২,৪০,৮৭০.০০ টাকার অডিট আপত্তি উত্থাপিত হয়। আপত্তিকৃত ১,১২,৪০,৮৭০.০০ টাকা পরিশোধের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ১০ জুন ২০১৫ তারিখের ঢাক্যাবো/অঃআ/২০১২-১৪/৩৫০ নং পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়। উক্ত টাকা পরিশোধ না করায় অডিট আপত্তি নিষ্পত্তি করার লক্ষে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে গত ২৫ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সেনা হোটেল ডেভেলপমেন্ট লিঃ এর উপস্থিত প্রতিনিধি জানান যে, যৌক্তিক পর্যায়ে গৃহকর নির্ধারণ করা হলে বকেয়াসহ পুরো দায় মেটানো সম্ভব হবে। তিনি সমুদয় অর্থ একত্রে প্রদান না করে কয়েকটি কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রাখার জন্যও অনুরোধ জানান। সমন্বয় সভায় বিশদ আলোচনান্তে রেডিসন ওয়াটার গার্ডেন হোটেল এর গৃহকর প্রতি বর্গফুট ৪.০০ (চার) টাকা হারে নির্ধারণ করে ২০০৯-২০১০ হতে হালনাগাদ দাবী ক্যান্টনমেন্ট বোর্ড হতে সেনা হোটেল ডেভেলপমেন্ট বরাবর প্রেরণ করা হবে এবং গৃহকর বাবদ প্রদেয় অর্থ কিস্তিতে পরিশোধের অনুরোধ পাওয়া গেলে ক্যান্টনমেন্ট বোর্ড বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : রেডিসন ব্লু ঢাকা ওয়াটার গার্ডেন এর হোল্ডিং ট্যাক্স প্রতি বর্গফুট ৪.০০ (চার) টাকা হারে নির্ধারণ করে ২০০৯-২০১০ আর্থিক সাল হতে হাল নাগাদ পর্যন্ত দাবী প্রস্তুত করে ৩১ ডিসেম্বর, ২০১৬ এর মধ্যে ৪(চার)টি কিস্তিতে পরিশোধের জন্য রেডিসন ব্লু ঢাকা ওয়াটার গার্ডেন কর্তৃপক্ষকে অনুরোধ জানাতে হবে। একই সংগে এ প্রসংগে উত্থাপিত অডিট আপত্তি নিস্পত্তি করার জন্য প্রতিরক্ষা অডিট অধিদপ্তর-কে পত্র প্রদান করতে হবে।

আলোচ্য বিষয়-১০: অনন্যা শপিং কমপ্লেক্স এর হোল্ডিং ট্যাক্স নির্ধারণ ও পরিশোধ প্রসংগে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট এর আওতাধীন বারিধারা ডিওএইচএস এলাকায় অনন্যা শপিং কমপ্লেক্স এর ১,৪০,৮২৮.০০ বর্গফুট আয়তনের ভবন নির্মাণ করে ২০০৯-২০১০ আর্থিক সাল হতে বাণিজ্যিক ভিত্তিতে ব্যবহার করা হচ্ছে। উক্ত ভবনের ব্যবহারযোগ্য ৬৭,২৭৬.০০ বর্গফুটের উপর ৮.০০ (আট) টাকা হারে ৩,৬৩,২৯০.৪০ (তিন লক্ষ তেষট্টি হাজার দুইশত নব্বই টাকা চল্লিশ পয়সা) হোল্ডিং ট্যাক্স নির্ধারণ করা হয়। প্রতিরক্ষা অডিট অধিদপ্তরের ২০১২-২০১৪ আর্থিক সালের নিরীক্ষায় উক্ত ভবনের নকশা অনুযায়ী এরিয়া ১,৩২,৬৬৭ বর্গফুট এবং অননুমোদিত স্থাপনা ৮,১৬১ বর্গফুটসহ মোট আয়তন ১,৪০,৮২৮ বর্গফুটের জন্য প্রতি বর্গফুট ৮.০০ (আট) টাকা হারে বার্ষিক গৃহকর ১২,৬৭,৪৫২.০০ (বার লক্ষ সাতষট্টি হাজার চারশত বায়ান্ন) টাকা হিসেবে ২০০৯-১০ থেকে

২০১৩-২০১৪ পর্যন্ত (১২,৬৭,৪৫২ – ৩,৬৩,২৯০.৪০) = ৯,০৪,১৬২/- টাকা × ৫ বছর = ৪৫,২০,৮১০.০০ (পঁয়তাল্লিশ লক্ষ বিশ হাজার আটশত দশ) টাকা অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। এ প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ডের ১০ জুন ২০১৫ তারিখের ঢাক্যাবো/অডিট আপত্তি/২০১২-২০১৪/৩৪৩ নং পত্রের মাধ্যমে সেনা কল্যাণ সংস্থাকে আপত্তিকৃত ৪৫,২০,৮১০.০০ (পঁয়তাল্লিশ লক্ষ বিশ হাজার আটশত দশ) টাকা পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে চেয়ারম্যান, রিয়েল এষ্টেট বিভাগ, সেনা কল্যাণ সংস্থা এর ০৮ ডিসেম্বর ২০১৫ তারিখের এসকেএস/২৯-এফ/আরইডি নং পত্রের মাধ্যমে জানানো হয় যে, নভেম্বর ২০১১ সালের অনন্যা শপিং কমপ্লেক্স এর ৭ম তলার নির্মাণ কাজ শেষ করা হয় এবং জানুয়ারি ২০১২ থেকে ভাড়ার আওতায় আনা হয়। দাবীকৃত হোল্ডিং ট্যাক্স পরিশোধ না করায় অডিট আপত্তি নিষ্পত্তি করার লক্ষ্যে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে গত ০১ মার্চ, ২০১৬ তারিখে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সমন্বয় সভায় অনন্যা শপিং কমপ্লেক্স এর উপস্থিত প্রতিনিধি কর্তৃক অনন্যা শপিং কমপ্লেক্স ভবনের পূর্বে নির্ধারিত ৬৭,২৭৬ বর্গফুট এবং ৭ম তলার ৮,১৬১.০০ (জানুয়ারি ২০১২ হতে) বর্গফুট সর্বমোট ৭৫,৪৩৭ বর্গফুট প্রতি বর্গফুট ৮.০০ (আট) টাকা হারে গৃহকর নির্ধারণ করে হাল নাগাদ দাবি ক্যান্টনমেন্ট বোর্ড হতে ব্যবস্থাপনা পরিচালক, অনন্যা শপিং কমপ্লেক্স, বারিধারা ডিওএইচএস এর বরাবর প্রেরণের অনুরোধ করা হয়। উক্ত সমন্বয় সভায় অনন্যা শপিং কমপ্লেক্স ভবনের পূর্বে নির্ধারিত ৬৭,২৭৬ বর্গফুট এবং ৭ম তলার ৮,১৬১ বর্গফুট (জানুয়ারি ২০১২ হতে) সর্বমোট ৭৫,৪৩৭ বর্গফুট নির্ধারিত ৮.০০ (আট) টাকা হারে গৃহকর নির্ধারণ করে হাল নাগাদ দাবি ক্যান্টনমেন্ট বোর্ড হতে ব্যবস্থাপনা পরিচালক, অনন্যা শপিং কমপ্লেক্স, বারিধারা ডিওএইচএস এর বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : অনন্যা শপিং কমপ্লেক্স ভবনের পূর্বে নির্ধারিত ৬৭,২৭৬ বর্গফুট এবং ৭ম তলার ৮,১৬১ বর্গফুট (জানুয়ারি ২০১২ হতে) সর্বমোট ৭৫,৪৩৭ বর্গফুট নির্ধারিত ৮.০০ (আট) টাকা হারে গৃহকর নির্ধারণ করে হাল নাগাদ দাবী ক্যান্টনমেন্ট বোর্ড হতে ব্যবস্থাপনা পরিচালক, অনন্যা শপিং কমপ্লেক্স, বারিধারা ডিওএইচএস এর বরাবর প্রেরণ করতে হবে। দাবীকৃত অর্থ আদায় সাপেক্ষে অডিট আপত্তি নিষ্পত্তি করার জন্য সংশ্লিষ্ট কর্তৃকপক্ষে পত্র প্রদান করতে হবে।

আলোচ্য বিষয়-১১: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে তালিকাভুক্ত ডেভেলপার এম আর ডেভেলপারস এর জমাকৃত ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা জামানত ফেরত প্রদান।

আলোচনা : এম আর ডেভেলপার ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে তালিকাভুক্ত হয়ে কচুক্ষেত পুরান বাজার এলাকার ২৪৬ নং প্লটে বাড়ী নির্মাণ করার জন্য চুক্তি বদ্ধ হন এবং নিরাপত্তা জামানত বাবদ ক্যান্টনমেন্ট বোর্ডে ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকা গত ১৬ জানুয়ারি, ২০১৩ তারিখে জমা করেন। সংশ্লিষ্ট প্লটে বাড়ী নির্মাণ কাজ সম্পন্ন করে ফ্ল্যাট ক্রেতাগণের নিকট বুঝিয়ে দিয়েছেন মর্মে ছাড়পত্রসহ জামানত বাবদ জমাকৃত ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকা ফেরত চেয়ে উক্ত ডেভেলপার কোম্পানীর প্রোপ্রাইটর কান্তি রহমান ১৩ ডিসেম্বর, ২০১৫ তারিখে আবেদন করেন। উক্ত আবেদনপত্রের বিষয়ে ২৭ জানুয়ারি,২০১৬ তারিখের ঢাক্যাবো/ডেভোঃ/এম আর/৪৩ নং পত্রে প্লট মালিক/ফ্ল্যাট ক্রেতাদের কোন প্রকার অভিযোগ/আপত্তি আছে কিনা তা অবহিত করার জন্য সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, ঢাকা সেনানিবাসকে অনুরোধ করা হয়। এপ্রেক্ষিতে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, ঢাকা সেনানিবাস ১৭ ফেব্রুয়ারি,২০১৬ তারিখে বিডি/এলসি/১০২৭/২০১৫/৭ নং পত্রে বর্ণিত সম্পত্তি তাদের ব্যবস্থাপনাধীন নয় বিধায় কোনরূপ মতামত/মন্তব্য ব্যতিত অত্র দপ্তরকে অবহিত করেন।

সিদ্ধান্ত : কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৪৬ নং প্লটে বাড়ী নির্মাণকারী প্রতিষ্ঠান এম আর ডেভলপার-কে প্লট মালিক ও ফ্ল্যাট ক্রেতাগণ কর্তৃক অনাপত্তি প্রদান করায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জমাকৃত ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকার নিরাপত্তা জামানত ফেরত প্রদান করা হবে।

আলোচ্য বিষয়-১২: রিকশার নম্বর প্লেট তৈরী/রংকরণের জন্য মেসার্স সাকিব এন্টারপ্রাইজ কর্তৃক দাখিলকৃত ৪৯,৫০০/-(উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকার সর্বনিম্ন দর অনুমোদন।

আলোচনা : ঢাকা সেনানিবাস এলাকায় ২০১৪-২০১৫ আর্থিক সালে চলাচলের জন্য মোট ১১৪৫ টি রিকশা লাইসেন্স প্রদান করা হয়েছে। উক্ত রিকশা লাইসেন্সসমূহ প্রতি বছর নবায়ন করে নম্বর প্লেট প্রদান করা হয়ে থাকে। ২০১৫-২০১৬ আর্থিক সালের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদত্ত নমুনা অনুসারে ৫০০ টি পুরানো প্লেটের উপর রংকরণ, লিখন ও নাম্বারিং এবং ৬৪৫ টি নতুন নম্বর প্লেট তৈরী, রংকরণ, লিখন ও নাম্বারিং করার জন্য ০২ মার্চ, ২০১৬ তারিখে স্থানীয়ভাবে দরপত্র আহবান করা হলে মোট ০৬ টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স সাকিব এন্টারপ্রাইজ, প্রোঃ- জনাব আবু সুফিয়ান ভূইয়া, ৪৫, ভাষাণটেক, ঢাকা ক্যান্টনমেন্ট কর্তৃক প্রদত্ত (মোট ১১৪৫টি রিকশা নম্বর প্লেট তৈরী, রংকরণ, লিখন ও নাম্বারিং করার জন্য) ৪৯,৫০০.০০ (উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকার দরটি সর্বনিম্ন হয়।

সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাসে চলাচলের জন্য ১১৪৫টি রিকশা লাইসেন্স ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ আর্থিক সালের জন্য ইস্যু করার নিমিত্ত নম্বর প্লেট তৈরী, রংকরণ, লিখন ও নাম্বারিং করার জন্য মেসার্স সাকিব এন্টারপ্রাইজ কর্তৃক দাখিলকৃত ৪৯,৫০০.০০ (উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকা সর্বনিম্ন দর অনুমোদন করা হয়। উল্লেখ্য রিকশা লাইসেন্স ইস্যু করার পূর্বে একসংগে ২(দুই) অর্থ বছরের ফি আদায় করতে হবে।

আলোচ্য বিষয়-১৩: রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন ব্লকের মেয়াদ উত্তীর্ণ ৬০ টি দোকান পুনঃ বরাদ্দ।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন ব্লকের ৬০ টি দোকান ভিন্ন ভিন্ন মেয়াদে বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত দোকানসমূহের বরাদ্দ মেয়াদ উত্তীর্ণ হওয়ায় সংশ্লিষ্ট দোকান মালিকগণ দোকানসমূহ পুন:বরাদ্দের জন্য আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত দোকানসমূহের মধ্যে ২৯ টি দোকান প্রজেক্ট এলাকার মধ্যে অবস্থিত এবং ৩১ টি দোকান প্রজেক্ট এলাকার বাহিরে অবস্থিত। বরাদ্দ মেয়াদ উত্তীর্ণ দোকানসমূহের বিবরণ পরিশিষ্ট-খ হিসেবে সংযুক্ত করা হ'ল।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের মাস্টার প্ল্যান প্রণয়ন ও বাস্তবায়নের কাজ চলমান আছে বিধায় আপাততঃ ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত মেয়াদোত্তীর্ণ দোকানগুলো পুন:বরাদ্দ প্রদান করা হয়। উক্ত দোকানসমূহের বাৎসরিক সালামী ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা আনুপাতিক হারে আদায় করতে হবে।

আলোচ্য বিষয়-১৪: রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী জবাইখানা ০৮ টি ভিটি/দোকান পুনঃ বরাদ্দ।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী বাজারের পার্শ্বে ৭-৯´´×৩-৯´´= ২৯ বর্গফুট সাইজের ১৬ টি মুরগী জবাইখানার ভিটি রয়েছে। উক্ত ভিটিসমূহের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় ৯ এপ্রিল, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-২৫ এর মাধ্যমে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা সালামীতে ১/১/২০১৫ তারিখ হতে ৩১/১২/২০১৫ তারিখ পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে পুনঃ বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ১৬ টি ভিটির মধ্যে ০৮ টি ভিটির সালামী এবং বকেয়া ভাড়া পরিশোধ না করায় ১৫ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১৮ মাধ্যমে উক্ত ৮টি ভিটির বরাদ্দ বাতিল করা হয়। অবশিষ্ট ০৮ টি ভিটির বরাদ্দ মেয়াদ ৩১/১২/২০১৫ তারিখে উত্তীর্ণ হওয়ায় পুন:বরাদ্দের জন্য বরাদ্দগ্রহীতাগণ আবেদন করেছেন। ভিটিসমূহের বিবরণ নিম্নরূপঃ-

| ক্র/ নং | দোকান মালিকের নাম | দোকান/ভিটি নম্বর | ভাড়া পরিশোধ | মেয়াদ উত্তীর্ণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ আনোয়ার হোসেন | দোকান নং-১ | জুন, ১৫ পর্যন্ত | ৩১/১২/২০১৫ | নবায়ন যোগ্য |
| ২। | জনাব মোঃ সাইফুল ইসলাম | দোকান নং-২ | জুন, ১৫ পর্যন্ত | ৩১/১২/২০১৫ | " |
| ৩। | জনাব মোঃ মনিরুল ইসলাম | দোকান নং-৫ | জুন, ১৫ পর্যন্ত | ৩১/১২/২০১৫ | " |
| ৪। | জনাব মোঃ বিল্লাল হোসেন | দোকান নং-৬ | জুন, ১৫ পর্যন্ত | ৩১/১২/২০১৫ | " |
| ৫। | জনাব মোঃ এবি সিদ্দিক | দোকান নং-৯ | জুন, ১৫ পর্যন্ত | ৩১/১২/২০১৫ | " |
| ৬। | জনাব মোঃ জিয়াউল আমিন | দোকান নং-১২ | জুন, ১৫ পর্যন্ত | ৩১/১২/২০১৫ | " |
| ৭। | জনাব মোঃ জসিম উদ্দিন বেপারী | দোকান নং-১৫ | জুন, ১৫ পর্যন্ত | ৩১/১২/২০১৫ | " |
| ৮। | জনাব শাহ্ মোঃ মানিক | দোকান নং-১৬ | জুন, ১৫ পর্যন্ত | ৩১/১২/২০১৫ | " |

সিদ্ধান্ত : ১০,০০০.০০ (দশ হাজার) টাকা সালামীতে উপরোল্লিখিত ৮টি মুরগী জবাইখানার ভিটি ৩১ ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত পুন:বরাদ্দ প্রদান করা হয়। উল্লেখ্য বরাদ্দকৃত ভিটিসমূহের জন্য বোর্ডের নির্ধারিত হারে ভাড়া পরিশোধ করতে হবে।

আলোচ্য বিষয়-১৫: রজনীগন্ধা সুপার মার্কেটের হার্ডস্ট্যান্ডের বাতিলকৃত ভিটি পুন:বহালের আবেদন।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটের হার্ডস্ট্যান্ডে মোট ১৮৭ টি ভিটি রয়েছে। উক্ত ভিটির মধ্যে ১৪ টি ভিটি ও পরবর্তীতে ২০টি ভিটিসহ মোট ৩৪ টি ভিটির ভাড়া বকেয়া থাকায় যথাক্রমে ২৪/৯/২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-১২ নং এবং ০৩ জানুয়ারি, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-২১ নং সিদ্ধান্তে উক্ত ভিটিসমূহে ব্যবসা করার অনুমতি বাতিল করা হয়। উক্ত বাতিলকৃত ভিটির মধ্যে ১১ জন পূর্বের ব্যবসায়ী পুনরায় বকেয়া ভাড়া পরিশোধ সাপেক্ষে ভিটিতে ব্যবসা করার অনুমতি চেয়ে আবেদন করেছেন এবং ০৪টি ভিটির জন্য নতুন ০৪ জন ব্যবসায়ী ভিটির বকেয়া ভাড়া পরিশোধপূর্বক তাদের নামে ব্যবসা করার অনুমতি চেয়ে আবেদন করেছেন। ভিটিসমূহের বিবরণ নিম্নে প্রদত্ত হলো ঃ-

| ক্র/নং | আবেদনকারীর নাম | ভিটি নম্বর | ডিসেম্বর/২০১৫ পর্যন্ত বকেয়া টাকার পরিমান |
|---|---|---|---|
| ১। | মোঃ আলাউদ্দিন | ফল/৬৮ | ২০,২৫০/- |
| ২। | মোঃ আলী আহমেদ | সবজি/৮৩/১ | ২০,২৫০/- |
| ৩। | মোঃ আলাউদ্দিন সরদার | আলু-পিয়াজ/১১৬ | ২০,২৫০/- |
| ৪। | মোঃ মিনহাজুল ইসলাম | সবজি/৯৩ | ২৪,৭৫০/- |
| ৫। | মোঃ আবুল হাসান | ফল/১১৩ | ২৪,৭৫০/- |
| ৬। | মোঃ হেলাল উদ্দিন | সবজি/৮৬ | ২০,২৫০/- |
| ৭। | মোঃ ওয়াসিম | সবজি/৮০ | ২৪,৭৫০/- |
| ৮। | মোঃ জাহাঙ্গীর আলম | সবজি/৯০ | ৩৭,২৫০/- |
| ৯। | মোঃ রুহুল আমিন | সবজি/৯১ | ২৯,২৫০/- |
| ১০। | মোঃ জয়নাল | ফল/৬৬ | ২০,২৫০/- |

| | | | |
|---|---|---|---|
| ১১। | মোঃ আলী হোসেন | সবজি/৮৯ | ১৯,৬৫০/- |
| ১২। | মোঃ আহাদ আলী শেখ | কাপড়/৩০ | ৩১,৫০০/- |
| ১৩। | মোঃ মানিক মিজি | ফল/৫৮ | ১০,৬৫০/- |
| ১৪। | মোঃ মিন্টু | সবজি/৯৬ | ২৮,৬৫০/- |
| ১৫। | জনাব রহমত উল্ল্যাহ | সবজি/১৩৬ | ২০,২৫০/- |

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের হার্ডস্ট্যান্ডের উপরোল্লিখিত ১৫টি ভিটির সমুদয় বকেয়া পরিশোধ সাপেক্ষে ৩১ ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত ১৫,০০০.০০ (পঁনের হাজার) টাকা সালামীতে পুন:বরাদ্দ/বরাদ্দ প্রদান করা হয়। উল্লেখ্য বরাদ্দকৃত ভিটিসমূহের জন্য বোর্ডের নির্ধারিত হারে ভাড়া পরিশোধ করতে হবে।

আলোচ্য বিষয়-১৬: রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী শেডের পূর্ব পার্শ্বে খালী জায়গা ট্রাক স্ট্যান্ড থেকে টোল আদায়।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী শেডের পূর্ব পার্শ্বের খালী জায়গায় ট্রাক/পিকআপ পার্কিং ইজারা প্রদানের জন্য বিগত ৩০/৪/২০১৪ তারিখে স্থানীয় বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে মোট ০৫ টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স সিকদার এন্টারপ্রাইজ, প্রোঃ- জনাব মোঃ এনায়েত সিকদার, ৫/এইচ, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস কর্তৃক দাখিলকৃত মাসিক ২০,৫০০.০০ (বিশ হাজার পাঁচশত) টাকার দরটি সর্বোচ্চ হয়। বিষয়টি ২০ মে, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ৮ নং আলোচ্য বিষয়ে উপস্থাপন করা হলে বোর্ড ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা জামানত (ফেরতযোগ্য) এবং মাসিক ২০,৫০০.০০ টাকা জমা সাপেক্ষে নির্ধারিত শর্তে ০৬ মাসের জন্য টোল ফি আদায়ের অনুমতি প্রদানের সিদ্ধান্ত প্রদান করা হয়। উক্ত স্থানের টোল ফি আদায়ের ০৪ মাস অতিবাহিত হওয়ার পর মাটি ভরাটের কাজের জন্য মৌখিকভাবে টোল ফি আদায় বন্ধ করে দেয়া হয়। জনাব মোঃ এনায়েত সিকদার উক্ত স্থানের ট্রাক পার্কিং হতে পুনরায় টোল ফি আদায়ের অনুমতি চেয়ে ১৭/২/২০১৬ তারিখে আবেদন করেন। উল্লেখ্য যে, জনাব মোঃ এনায়েত সিকদার কর্তৃক পূর্বে জমাকৃত জামানত ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা অত্র দপ্তরে জমা আছে এবং বর্তমানে উক্ত স্থানে ট্রাক/পিকআপ/ভ্যান গাড়ী অবস্থান করছে কিন্তু ক্যান্টনমেন্ট বোর্ড কোন রাজস্ব পাচ্ছে না।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের ক্রেতা-বিক্রেতাদের সুযোগ-সুবিধা বৃদ্ধির লক্ষ্যে মাছ, মাংস ও সব্জি বাজার মুরগী বাজারের পূর্ব পার্শ্বে স্থানান্তরের বিষয়টি প্রক্রিয়াধীন বিধায় উক্ত স্থান পার্কিং লট হিসেবে ব্যবহারের অনুমতি প্রদান করা যাবে না।

আলোচ্য বিষয়-১৭: রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক ব্লকের ০৩(তিন) বছর মেয়াদী ৫০/এ ও ৫০/বি নং দোকান মেয়াদান্তে পুন:বরাদ্দ।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক ব্লক সংলগ্ন ১০ × ১৪ = ১৪০ বর্গফুট জায়গায় নিজ খরচে দোকান ঘর তৈরী করার জন্য প্রতিটি ৫০,০০০.০০ (পঞ্চাশ) টাকা সালামীতে ১/৪/২০১০ তারিখ হতে ৩১/৩/২০১৩ তারিখ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য ৫০/এ নং দোকানটি সার্জেন্ট (অবঃ) মোঃ শফিকুল ইসলাম-কে এবং ৫০/বি নং দোকানটি মোসাঃ ফাহিমা জসিম, স্বামী-মোঃ জসিম উদ্দিন কে বরাদ্দ প্রদান করা হয়। দোকান ০২(দুই) টির বরাদ্দের মেয়াদ শেষ হওয়ায় বার্ষিক ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা হারে ৬০,০০০.০০ (ষাট হাজার) টাকা সালামীতে ১/৪/২০১৩ তারিখ হতে ৩১/৩/২০১৬ তারিখ পর্যন্ত ০৩ বছরের জন্য পুনরায় বরাদ্দ প্রদান করা হয়। উক্ত বরাদ্দ মেয়াদ চলমান অবস্থায় রাস্তা সম্প্রসারণের কাজের সিটি কর্পোরেশন কর্তৃক অক্টোবর, ২০১৪ সালে দোকান ০২ টি ভেঙ্গে দেয়া হয়। দোকান ০২ টি পুনর্বাসন করার বিষয়ে বরাদ্দ গ্রহীতাদ্বয়ের আবেদনের বিষয়টি ৮ মার্চ, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় উপস্থাপন করা হলে বোর্ড ইতোপূর্বে বরাদ্দকৃত স্থানের সমআয়তনের জায়গায় বরাদ্দ প্রদানের এবং উক্ত স্থানে নিজ খরচে দোকান ঘর নির্মাণ করার সিদ্ধান্ত প্রদান করে। দোকান ঘর ০২ টি নির্মাণ করে জানুয়ারি,২০১৬ তারিখে ব্যবসা পরিচালনা শুরু করা হয়েছে। দোকানের মেয়াদ আগামী ৩১/৩/২০১৬ তারিখে উত্তীর্ণ হবে। ৫০/এ নং দোকানের বরাদ্দ গ্রহীতা সার্জেন্ট (অবঃ) মোঃ শফিকুল ইসলাম এবং ৫০/বি নং দোকানের বরাদ্দ গ্রহীতা মোসাঃ ফাহিমা জসিম পুনরায় ০৫(পাঁচ) বছর মেয়াদে বরাদ্দের জন্য অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মর্কেটের পার্ক-৫০/এ ও ৫০/বি নং দোকান দু'টি মেয়াদ উত্তীর্ণের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য বার্ষিক ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা সালামীতে পুন:বরাদ্দ প্রদান করা হয়।

আলোচ্য বিষয়-১৮: ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্ত নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | কমান্ডার মোঃ ফিরোজ আখতার খান | ৩২৯ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (ফ্লোর প্ল্যান, কলাম এবং সিড়ির অবস্থান পরিবর্তন- খালি প্লট) |
| (২) | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) আরিফ আহমেদ চৌধুরী | ৫৭৪ | মিরপুর ডিওএইচএস | | ০৭ তলা নতুন ভবন |
| (৩) | মেজর (অবঃ) মিসেস মাহমুদা হক স্বামী-মৃত মেজর মোঃ আনোয়ারুল হক | ৫৮০ | মিরপুর ডিওএইচএস | | ০৭ তলা নতুন ভবন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (৪) | মেজার মোঃ মনিরুজ্জামান চৌধুরী | ৮৫৫ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (২য় ও ৭ম তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট ও দু'টি নতুন পাইল সংযোজন- খালি প্লট)) |
| (৫) | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ আব্দুর রফিক, পিএসসি | ৮৭১ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (স্যান্ড পাইলিং এর জন্য- খালি প্লট) |
| (৬) | ব্রিগেঃ জেনাঃ(অবঃ) মোঃ মোস্তাফিজুর রহমান | ৮৭২ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (পাইল ও কলামের পরিবর্তন- খালি প্লট) |
| (৭) | মেজর মোঃ দিলদার-উল-ইসলাম | ৮৮২ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (অভ্যন্তরীন পরিবর্তন-সিঁড়ি ও লিফট) |
| (৮) | কর্ণেল (অবঃ) মোঃ কামরুজ্জামান খান | ৯২৮ | মিরপুর ডিওএইচএস | | ০৭ তলা নতুন ভবন |
| (৯) | মেজর জেনাঃ ফিরোজ হাসান | ৯৫১ | মিরপুর ডিওএইচএস | | ০৭ তলা নতুন ভবন |
| (১০) | গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) মোঃ রুহুল আমিন বিন হাসেম | ৯৮৬ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবন (বর্তমানে প্লটটি খালি) |
| (১১) | মেজর (অবঃ) সৈয়দ ফজলে মুনীর ইয়াহ্ ইয়া | ৯৯৮ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| (১২) | মেজর (অবঃ) আব্দুল মোমেন খান | ১১৮২ | মিরপুর ডিওএইচএস | | ০৭ তলা নতুন ভবন |
| (১৩) | খোন্দকার মঈনুল ইসলাম | ১১৯৪ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (সিঁড়ি ঘর ও লিফট এর অবস্থান পরিবর্তন এবং প্রতি ফ্লোর একক ইউনিটকরণ) |
| (১৪) | (ক) শাহানা কবির<br>(খ) নাবিলাহ এনায়েত প্রভা<br>(গ) তামনিক এনায়েত | ১২০৫ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| (১৫) | লেঃ কর্নেল (অবঃ) অনিল কৃষ্ণ শীল | ১৩১৭ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| (১৬) | কমান্ডার (অবঃ) আরিফ আহসান উল্লাহ | ১৩৫০ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (৩য় তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট) |
| (১৭) | মিসেস সেলিনা সুলতানা রেখা | ১৯১ | মহাখালী ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| (১৮) | লেঃ কর্ণেল (অবঃ) মুখতারুল করিম খাঁন | ২১৩ | মহাখালী ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| (১৯) | ডাঃ মতিউর রহমান | ৩৬৫ | মহাখালী ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (০৬ তলার উপর ৭ম তলা নির্মাণ) |
| (২০) | মিসেস রুখসানা বেগম গং এর নিযুক্তীয় আম-মোক্তার সামসুল আরেফিন | ৪৯৮ | মহাখালী ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| (২১) | ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ | | মহাখালী ডিওএইচএস | | প্রস্তাবিত প্লে গ্রাউন্ড চেঞ্জ রুম এবং ড্রাইভার্স ওয়েটিং রুম |
| (২২) | মুসফেকা ইসলাম<br>স্বামী-লেঃ কর্ণেল(অবঃ) সিরাজুল ইসলাম,বিপি (বার) | ১৯৬/এ | মহাখালী ডিওএইচএস | | গ্যারেজের উপর কক্ষ নির্মাণ (সংশোধিত) |
| (২৩) | লেঃ কর্ণেল (অবঃ) এম এম কায়সার | ৩৪২ | বারিধারা ডিওএইচএস | | সংশোধিত ০৫ তলা (আভ্যন্তরিন পরিবর্তন-৫ম তলায় রুমের পরিবর্তন) |
| (২৪) | গোলাম কবীর তালুকদার | ৪৩-ডি | ক্যান্ট বাজার এলাকা | * | ০৭ তলা নতুন ভবন (পুরাতন ভবন ভেঙ্গে) |
| (২৫) | অজেদা বেগম | সিবি-১১/এ | কচুক্ষেত পুরান বাজার এলাকা | | নতুন ০৬ তলা ভবন |
| (২৬) | মোছাঃ আম্বিয়া খাতুন গং | সিবি-২১২/৬ | কচুক্ষেত পুরান বাজার এলাকা | | নতুন ০৭ তলা ভবন |

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন ডিওএইচএস, ক্যান্টনমেন্ট বাজার এলাকা ও কচুক্ষেত এলাকার ২৫টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী জানান। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন।

সিদ্ধান্ত : ১৮.১। Land point of view-তে ডিওএইচএসসমূহের জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য এলাকার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে আলোচ্য বিষয়-১৮ এর ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ২০, ২১, ২২, ২৩, ২৫ ও ২৬ এর ২৪টি প্লটে ০৬(ছয়)/০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণ/আভ্যন্তরীন পরিবর্তনের সংশোধিত নকশা নিম্নোক্ত শর্তাধীনে অনুমোদন করা হয় ঃ-

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

১৮.২। আলোচ্য বিষয়-১৮ এর ক্রমিক নং- ১৯ এ উল্লেখিত ভবনের ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদন করা হয়। এমআইএসটি কর্তৃক কারিগরি ভেটিং বাবদ যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

১৮.৩। ক্রমিক নং-২৪ এ বর্ণিত ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩-ডি নং প্লটটি সেনানিবাসের সীমানা সংলগ্ন বিধায় সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

আলোচ্য বিষয়-১৯: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৪ নং রোডের ২৬/ডি নং স্টাফ কোয়ার্টারের (১×১৬) ১৬টি টয়লেট নির্মাণ কাজ। | ৩৭,৬১,১৩৯/- | অনুদান | |
| (২) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের উত্তর পূর্ব পার্শ্বে নিচতলায় ০৪টি রুম (বারান্দাসহ) এবং ০১টি টয়লেট নির্মাণ কাজ। | ১৬.৬১,১৪১/- | বোর্ডের স্থানীয় আয় | |
| (৩) | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল ঢাকা সেনানিবাসের অফিস ভবনের জন্য নিচতলার উত্তর পার্শ্বে ০১টি টয়লেট নির্মাণ। | ১,৭৪,৮০৯/- | অনুদান | |
| (৪) | মুসলিম মডার্ণ একাডেমীতে সেমি পাকা ০১টি ক্যান্টিন ও ০১টি ষ্টেশনারী দোকান নির্মাণ। | ৭,৩৬,৯৮০/- | বিদ্যুৎসাহী ব্যক্তিবর্গের সহায়তায় | |
| (৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ৬৪/এ (নিচতলা পূর্ব পার্শ্ব) ০১টি রুম সম্প্রসারণসহ মেরামত ও রংকরণ। | ১,৬৭,১৬৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| (৬) | ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৪৩/সি এর ছাদের চারদিকে গ্রীল স্থাপন কাজ। | ৬০,৭৪৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| (৭) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডের ৬৫/ডি নং ভবনের বাসা নং-৬ (দোতলা দক্ষিন পশ্চিম পার্শ্ব), বাসা নং-৮, (দোতলা উত্তর পশ্চিম পার্শ্ব), বাসা নং-৯, (৩য় তলা দক্ষিণ পূর্ব পার্শ্ব), বাসা নং-১৩, (৪র্থ তলা দক্ষিণ পূর্ব পার্শ্ব), বাসা নং-১৯, (৫ম তলার উত্তর পূর্ব পার্শ্ব), বাসা নং-২০, (৫ম তলা উত্তর পশ্চিম পার্শ্ব) মোট ০৬টি বাসা মেরামত ও রংকরণ। | ১,৫৫,৫১৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| (৮) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং রোডের ০৪ নং গভীর নলকূপের পানি কমে যাওয়ায় ১৬″×৮″ ডায়া ১০০০ ফুট গভীর নলকূপ ওয়াটার জেটিংকরণ কাজ। | ৩,৭৩,৫০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | ঘটনোত্তর অনুমোদন |
| (৯) | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিস নার্সারীতে অন্ধকার দূরীকরণের জন্য অত্র দপ্তরের স্টোরে রক্ষিত পুরাতন বৈদ্যুতিক পোল, লাইট শেড ও এ্যালুমিনিয়াম তার দ্বারা নিরাপত্তা বাতি স্থাপন কাজ। | ৮৭,৯৮২/- | বোর্ডের স্থানীয় আয় | |
| (১০) | ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ ঈদগাহ মাঠে জানাজার নামায পরিচালনার জন্য বৈদ্যুতিক লাইন স্থাপন কাজ। | ৩৭,৯৩১/- | বোর্ডের স্থানীয় আয় | |
| (১১) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ০৬ তলা ভিতে ২য় তলা পর্যন্ত নির্মিত ভবনের ৩য় তলায় ০৩টি শ্রেণী কক্ষ নির্মাণ কাজ। | ৫৫,৩৯,৬৪৮/- | অনুদান | |
| (১২) | স্বাধীনতা সরণির ডিভাইডার মেরামত ও রংকরণ কাজ। | ৫৫,১০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| (১৩) | আর্মি এমপি ও ১৩ এমপি ইউনিটের জন্য রোটারী লাইট/ব্যাটারী মেরামত ও সরবরাহ কাজ। | ১,৭৬,৯৩০/- | বোর্ডের স্থানীয় আয় | আর্মি এমপি ইউনিটের ১৮/০২/২০১৬ তারিখের ২৩.০১.৯০১.৬৪৮.০৩.১৫৯.০১.১৮.০২.১৬ নং পত্র ও ১৩ এমপি ইউনিটের ০১/০২/২০১৬ তারিখের ২৩.০১.৯০১.৬৫৫.০১.২১৮.০১.০২.১৬ নং পত্র। |
| (১৪) | কচুক্ষেত পুরান বাজার এলাকার মিরপুর লিংক রোড হতে সিবি-১৪১ পর্যন্ত রাস্তা মেরামত ও ৫-০″ ডায়া পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ৪৯,৯৯,১৯০/- | অনুদান | |
| (১৫) | ঢাকা ও মিরপুর এমপি চেকপোষ্ট সমূহে ১০টি লোহার ছাতা সরবরাহ ও স্থাপন কাজ। | ১,৪০,০০০/- | বোর্ডের স্থানীয় আয় | আর্মি এমপি ইউনিট, ঢাকার ০৭/৩/২০১৬ তারিখের ২৫.০১.৯০১.০১৬৪৮.০৩.২১২.১৫.০৬.০৩.১৬ নং পত্র। |
| (১৬) | মিরপুর সেনানিবাসস্থ অফিসার্স পারিবারিক বাসস্থান এলাকায় শিশুপার্কে ০৪টি আধুনিক খেলনা সরবরাহ ও স্থাপন। | ১৩,১১,০০৫/- | বোর্ডের স্থানীয় আয় | সদর দপ্তর ৬ স্বতন্ত্র এডিএ ব্রি গেড, মিরপুর সেনানিবাসের ১০/৩/২০১৬ তারিখের ২৩.০১.৯০২.০৯৭.০২.০৯৯.২২.১৩.০৩.১৬ নং পত্র। |
| (১৭) | নির্ঝর আবাসিক এলাকায় এলাকায় শিশুপার্কে ০৪টি আধুনিক খেলনা সরবরাহ ও স্থাপন। | ১৩,১১,০০৫/- | বোর্ডের স্থানীয় আয় | |

| | | | | |
|---|---|---|---|---|
| (১৮) | সেনাপল্লী হাই স্কুলের নিচতলায় ০৪টি শ্রেণী কক্ষের ওয়াল টাইলস্, বারান্দা, ড্রেন ও প্লিন্থ প্রটেকশন এবং রেইন ওয়াটার পাইপ সংস্কার, মেরামত ও রংকরণ কাজ। | ৬,৬৮,৬৫৮/- | সংশ্লিষ্ট বিদ্যালয় তহবিল/ বোর্ডের স্থানীয় আয় | মিনিটশীটের মাধ্যমে অনুমোদন হয়েছে। ঘটনোত্তর অনুমোদন প্রসংগে। |
| (১৯) | বিমান বাহিনী সদর দপ্তরের সম্মুখে সৌদী কলোনীর বাইপাস রোডের কাঁচা অংশ পাঁকাকরণ কাজ। | ৪,৩৬,৯৩১/- | বোর্ডের স্থানীয় আয় | বিমান বাহিনী ঘাঁটি বাশার এর ০৭/৩/২০১৬ তারিখের ০০.০৩.২৬০০.১৬৩.৬৮.০০ ৭.১২.০৫১/৪৮এ নং পত্র। |
| (২০) | মিরপুর ডিওএইচএস এর রোড নং-৪১, এভিনিউ-৮/এ রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ সলিংকরণ কাজ। | ৩,১৮,০৪৭/- | মিরপুর ডিওএইচএস এর বিবিধ তহবিল | |

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিকদের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার জন্য উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের লক্ষ্যে বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত : আলোচ্য বিষয়-১৯ এ উল্লেখিত প্রকল্পের মূল্যানুমানসমূহ অনুমোদন করা হয়। আলোচ্য বিষয়-১৯ এর ক্রমিক নং-৫, ৬, ৭, ৮ ও ১২ এ বর্ণিত প্রকল্পগুলোর বিপরীতে বাজেট বরাদ্দ সাপেক্ষে দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। অবশিষ্ট প্রকল্পগুলোর মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-২০: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের নিচতলায় রেভিনিউ শাখা, প্রশাসনিক শাখা ও পুরাতন ভবনের বারান্দায় টাইলস্ স্থাপনসহ সংস্কার ও মেরামত কাজ। | ১৪,০২,৮৪৪/- | মেসার্স মনির এন্ড কোং | ১৪,০২,৮৪৪/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ২। | শহীদ সরণির বিভিন্ন অংশে ক্ষতিগ্রস্ত রাস্তা অত্যাবশ্যকীয় মেরামত কাজ। | ২,৭৯,৭৭০/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ২,৭৯,৭৭০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৩। | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর এবং সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরের নিরাপত্তার স্বার্থে জানালায় রডের জালি ও অন্যান্য কাজ। | ২,৮৪,৪৯৯/- | মেসার্স সান এন্ড এ আর এসোসিয়েটস্ | ২,৮৪,৪৯৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৪। | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-৪৯ (অংশ) এর উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিং রাস্তা নির্মাণ কাজ। | ১১,০৭,৪০৩/- | ডি ভেলিয়েন্ট ইঞ্জিনিয়ার্স | ১১,০৭,৪০৩/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ৫। | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-৪৬/এ, ৪৪(অংশ) এর উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিং রাস্তা নির্মাণ কাজ। | ৯,৩৫,৫৬৫/- | ডি ভেলিয়েন্ট ইঞ্জিনিয়ার্স | ৯,৩৫,৫৬৫/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ৬। | মিরপুর ডিওএইচএস ক্যান্টনমেন্ট বাউন্ডারী পিলার নং-১৬ হতে পিলার নং-১৭ পর্যন্ত বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ৫০,০৮,৪৫৬/- | মেসার্স এমবি হোসেন এন্ড ব্রাদার্স | ৫০,০৮,৪৫৬/- | অনুদান/বোর্ডের স্থানীয় আয় | |
| ৭। | মিরপুর ডিওএইচএস ক্যান্টনমেন্ট বাউন্ডারী পিলার নং-১৭ হতে পিলার নং-১৮ পর্যন্ত বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ৫৮,২৯,৭১৪/- | মেসার্স আমিন ব্রাদার্স | ৫৮,২৯,৭১৪/- | অনুদান/বোর্ডের স্থানীয় আয় | |
| ৮। | ভিভিআইপি মিরপুর ক্যান্টনমেন্টে আগমন উপলক্ষে অগ্রাধিকার ভিত্তিতে এনডিসি হতে বিইউপি পর্যন্ত সড়ক দ্বীপসমূহ রংকরণ ও নির্দেশিকা বোর্ডসমূহ উজ্জলকরণ। | ১,৪৩,৪০৬/- | মেসার্স সারা এন্টারপ্রাইজ | ১,৩৬,২৩৫/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ৯। | মহাখালী ডিওএইচএস এলাকার লেন নং-১৯, প্লট নং-২৫৭/এ থেকে ২৫৫/এ, লেক রোড হতে লেন-১ এর পাম্প হাউজ পর্যন্ত ড্রেন পরিস্কার ও আরসিসি স্ল্যাব নির্মাণ কাজ। | ৩,০৮,৭৮৬/- | মেসার্স এসএস ট্রেড এন্টারপ্রাইজ | ২,৯৩,৩৪৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা খাত) | |
| ১০। | মহাখালী ডিওএইচএস এলাকার সিএসডি ও মসজিদের কর্নার থেকে ১০নং রোডের কর্নার পর্যন্ত (২০নং রোড) রাস্তা উচুকরণসহ কার্পেটিং কাজ। | ১২,০১,৮৫৯/- | মেসার্স শার্ক কর্পোরেশন | ১১,৪১,৭৬৬/- | বোর্ডের স্থানীয় আয়/ডিওএইচএস বিবিধ তহবিল | |
| ১১। | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-০১ ও সেন্ট্রাল রোডের আংশিক উচুকরণসহ কার্পেটিং কাজ। | ৫১,০৭,৫৮৯/- | মেসার্স সাহাবুদ্দিন এন্টারপ্রাইজ | ৪৮,৫২,২০৯/- | বোর্ডের স্থানীয় আয়/ডিওএইচএস বিবিধ তহবিল | |
| ১২। | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-১২ ও ১৩ উচুকরণসহ কার্পেটিং কাজ। | ১৩,৯৫,৩০৮/- | মেসার্স এম আর আমিন ট্রেডার্স | ১৩,২৫,৫৪২/- | বোর্ডের স্থানীয় আয়/ডিওএইচএস বিবিধ তহবিল | |
| ১৩। | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-১৪ ও ১৫ উচুকরণসহ কার্পেটিং কাজ। | ১৯,৮২,০০৪/- | মেসার্স জামান এন্টারপ্রাইজ | ১৮,৮২,৯০৩/- | বোর্ডের স্থানীয় আয়/ডিওএইচএস বিবিধ তহবিল | |
| ১৪। | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-১৬ ও ১৭ উচুকরণসহ কার্পেটিং কাজ। | ২০,৩৩,৮২০/- | মেসার্স আদনান ট্রেড ইন্টারন্যাশনাল | ১৯,৩২,১২৯/- | বোর্ডের স্থানীয় আয়/ডিওএইচএস বিবিধ তহবিল | |
| ১৫। | মহাখালী ডিওএইচএস এলাকার লেক রোডের পূর্ব পার্শ্ব হতে ১৫ নং রোড পর্যন্ত রাস্তা উচুকরণসহ কার্পেটিং কাজ। | ২৫,২৬,৩২২/- | মেসার্স এসটি কর্পোরেশন | ২৪,০০,০০৫/- | বোর্ডের স্থানীয় আয়/ডিওএইচএস বিবিধ তহবিল | |
| ১৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২/এ ও ৭ নং রোডের পুরাতন পানির লাইন পরিবর্তন করে ৭৫ মিমি ডায়া ইউপিভিসি পাইপ দ্বারা নতুন লাইন স্থাপন কাজ। | ৩,৯৮,৭৩৯/- | মেসার্স এসএস কর্পোরেশন | ৩,৭৮,৮০২/- | অনুদান | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৭। | মহাখালী ডিওএইচএস এলাকার ১৫ নং রোড হতে ১৮নং রোড পর্যন্ত উচুকরণসহ কার্পেটিং কাজ। | ২৫,২৬,৩২২/- | মেসার্স তাওসিন এন্টারপ্রাইজ | ২৪,০০,০০৫/- | বোর্ডের স্থানীয় আয়/ডিওএইচএস বিবিধ তহবিল | |
| ১৮। | মহাখালী ডিওএইচএস এলাকার ইষ্টার্ণ রোড প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ। | ৭২,৭২,৯৫৫/- | মেসার্স ফোরওয়েজ ইঞ্জিনিয়ার্স | ৬৯,০৯,৩০৭/- | বোর্ডের স্থানীয় আয়/ডিওএইচএস বিবিধ তহবিল | |
| ১৯। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের (ফ্যাসিলিটিজ ভবন) ও ০৩ তলা ভবনের ছাদে পিসিসি, প্যারাপেট ওয়াল, রেইন ওয়াটার পাইপ ও সিঁড়িতে স্টোনোলথিক কাজ। | ৫,০০,০০০/- | মেসার্স এস টি কর্পোরেশন | ৪,৭৫,০০০/- | বিদ্যালয় তহবিল | |
| ২০। | বারিধারা ডিওএইচএস এলাকায় শিশুপার্কের ০৩টি দৃষ্টি নন্দন ফাইবার শীটের খেলনা সরবরাহ ও স্থাপন কাজ। | ২১,৫৩,৫০৫/- | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং | ২০,৪৫,৮২৯/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল | |
| ২১। | শহীদ সরণি সংলগ্ন পুরাতন এয়ার হেড কোয়ার্টারের বিপরীত দিকে ফুটপাত ভেঙ্গে রাস্তা সম্প্রসারণ কাজ। | ৩,০৬,৪৭৯/- | মেসার্স আজিজ কর্পোরেশন | ২,৯১,১৫৫/- | বোর্ড তহবিল | |
| ২২। | স্বাধীনতা চত্বর এমপি চেকপোষ্ট হতে শহীদ বীর উত্তর লেঃ আনোয়ার গার্লস কলেজের চৌরাস্তা পর্যন্ত রাস্তার মাঝখানে জিআই পাইপের রেলিং নির্মাণ। | ৮,৮৪,৭০৫/- | মেসার্স জ্বিম এন্টারপ্রাইজ | ৮,৪০,৫১২/- | বোর্ড তহবিল | |
| ২৩। | রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর পূর্ব কর্ণারের বাকী অংশের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। | ১,৯৮,৬০৯/- | মেসার্স রহমান ট্রেডার্স | ১,৯৮,৬০৯/- | বোর্ড তহবিল | |
| ২৪। | রজনীগন্ধা সুপার মার্কেটের কসাইখানা ও মুরগী বাজারের উত্তর পার্শ্বে ড্রেন মেরামতসহ স্লাব নির্মাণ কাজ। | ৪০,২৭৭/- | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ | ৪০,২৭৭/- | বোর্ড তহবিল | |
| ২৫। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩৪ নং রোড (প্লট নং-৮১৮ হতে ৮২০ এবং ৮২১ হতে ৮২২) পাঁকাকরণ। | ১৪,৯২,৫৬৭/- | মেসার্স ইমন ট্রেডার্স | ১৪,১৭,৯৩৮/- | সংশ্লিস্ট ডিওএইচএস বিবিধ তহবিল | |
| ২৬। | মিরপুর ডিওএইচএস এলাকার প্লট নং-৬৯৮ এর সংযোগ সড়ক পাঁকাকরণ। | ৪,৯৭,৫২০/- | মেসার্স আদনান ট্রেড ইন্টারন্যাশনাল | ৪,৭২,৬৪৪/- | সংশ্লিস্ট ডিওএইচএস বিবিধ তহবিল | |
| ২৭। | ডিজিএফআই সদর দপ্তর সংলগ্ন রাস্তা ও ড্রেন মেরামত কাজ। | ১,৬০,০০০/- | মেসার্স মা এন্টারপ্রাইজ | ১,৫২,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৮। | রোড ডিভাইডার ২২০টি (আর্মি এমপি ইউনিট ১০০টি, ১৩ এমপি ইউনিট ১০০টি এবং স্টেশন সদর দপ্তর ২০টি) ১" এ্যালুমিনিয়াম পাইপ, রশি, গতিসীমা বোর্ড, সেনাকুঞ্জের প্রবেশ/বাহির বোর্ডে স্টীকার স্থাপন ইত্যাদি কাজ। | ৩,৭২,৭০২/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ৩,৭২,৭০২/- | বোর্ড তহবিল | |
| ২৯। | শহীদ সরণির পার্শ্বে হাজী মহসিন হতে ১৩ এমপি পর্যন্ত সৌন্দর্য বর্ধনের জন্য রিক্সা লেনের উভয় পার্শ্বে মটি ভরাট ও ঘাস লাগানো কাজ। | ২,৬৬,৬৭৭/- | মেসার্স মিলেনিয়াম ট্রেডিং | ২,৫৩,৩৪৩/- | বোর্ড তহবিল | |
| ৩০। | ১৩ এমপি ইউনিটের জন্য ২০০.০০ বর্গফুট রিফ্লেকটিভ টেপ সরবরাহকরণ। | ৬০,০০০/- | মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং | ৬০,০০০/- | বোর্ড তহবিল | |
| ৩১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১ নং রোড হতে মুসলিম মডার্ণ একাডেমী পর্যন্ত বিদ্যমান ড্রেন পরিস্কার, মেরামত ও আরসিসি স্লাব নির্মাণ কাজ। | ২,৬৬,০০০/- | মেসার্স আমিন ব্রাদার্স | ২,৬৬,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৩২। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের মেয়েদের ৩টি ও ছেলেদের ২টি বাথরুমের টয়লেটের দরজা মেরামত, ইটের গাঁথুনী, আস্তর, ডিসটেম্পারকরণ, ড্রেনের ভিতরের ময়লা উঠানো/অপসারণ, স্যানিটারী ফিটিংস স্থাপন ও পানির লাইনের কাজ। | ৩,৮৫,৩০৮/- | মেসার্স এ কে কনস্ট্রাকশন | ৩,৬৬,০৪২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৩৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯ নং রোড মেরামতসহ কার্পেটিংকরণ। | ২,৯২,০০০/- | মেসার্স ইমন ট্রেডার্স | ২,৭৭,৪০০/- | বোর্ড তহবিল | |
| ৩৪। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিস প্রবেশ গেইট হতে গ্যারেজ পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিংকরণ। | ১২,৮১,০০০/- | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ | ১২,১৬,৯৫০/- | বোর্ড তহবিল | |
| ৩৫। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোড সংস্কারসহ কার্পেটিংকরণ। | ১১,৭২,০০০/- | দি এসোসিয়েটস্ | ১১,১৩,৪০০/- | বোর্ড তহবিল | |
| ৩৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং রোডের ৪ নং গভীর নলকূপ হঠাৎ বিকল হয়ে যাওয়ায় তা উত্তোলন, পাম্প মটর মেরামত, রিওয়্যান্ডিং এবং পুনঃস্থাপন কাজ। | ১,৪৪,৪০০/- | মেসার্স বিল্লাল বোরিং এন্ড ইঞ্জিঃ ওয়ার্কসপ | ১,৪৪,৪০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |

আলোচনা : আলোচ্য বিষয়-২০ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা ও সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়। দরপত্র বাক্স গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির সামনে খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটির (টিইসি) পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করেছে।

সিদ্ধান্ত : আলোচ্য বিষয়-২০ এর ৩৬ (ছত্রিশ)টি প্রকল্পের দর অনুমোদনসহ ব্যয়ের অনুমোদন করা হয়। আলোচ্য বিষয়-২০ এর ক্রমিক নং-২, ৩, ৯, ২৭, ৩২ ও ৩৬ এ উল্লেখিত প্রকল্পগুলোর বাজেট বরাদ্দ সাপেক্ষে কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৭ ও ১৮ এ উল্লেখিত প্রকল্পগুলো মিটিশীটের মাধ্যমে প্রেসিডেন্ট ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদন করায় কার্যাদেশ প্রদান করা হয়েছে বিধায় ঘটনোত্তর অনুমোদন প্রদান করা হয়। প্রকল্পসমূহের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদন ও প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-২১: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স প্রিন্স এন্ড ব্রাদার্স এর স্বত্ত্বাধিকারীর মৃত্যুজনিত কারণে মরহুমের স্ত্রী রওশন আরা বেগম উক্ত প্রতিষ্ঠান পরিচালনার অনুমতির বিষয়ে ২৮ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখের আবেদন প্রসংগে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স প্রিন্স এন্ড ব্রাদার্স এর স্বত্ত্বাধিকারী জনাব সালাউদ্দীন মাহমুদ (ডিউক) গত ০৬/১১/২০১৫ ইং তারিখে মৃত্যুবরণ করেন। মরহুমের স্ত্রী রওশন আরা বেগম উক্ত প্রতিষ্ঠান পরিচালনার অনুমতির বিষয়ে ২৮ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখের আবেদন করেছেন। আবেদনের সহিত মৃত ব্যক্তির মৃত্যু সনদ ও ওয়ারিশান সনদ দাখিল করেছেন। উক্ত প্রতিষ্ঠানের নিরাপত্তা ছাড়পত্রের মেয়াদ ২৭/০১/২০১৯ ইং পর্যন্ত রয়েছে।

সিদ্ধান্ত : আইন উপদেষ্টার মতামত সাপেক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স প্রিন্স এন্ড ব্রাদার্স এর স্বত্ত্বাধিকারীর মৃত্যুজনিত কারণে মরহুমের স্ত্রী রওশন আরা বেগম-কে উক্ত প্রতিষ্ঠান পরিচালনার অনুমতি প্রদান করা হয়।

আলোচ্য বিষয়-২২: গত ০৩ জানুয়ারি ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-৩৫ এর অনুবৃত্তিক্রমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২য় শ্রেণীর তালিকাভুক্ত ঠিকাদার মেসার্স সাইমুন ইন্টারন্যাশনাল-কে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে উন্নীত করার বিষয়ে গত দুই বছরের কর্মঅভিজ্ঞতার প্রতিবেদন পর্যালোচনার জন্য উপস্থাপন।

আলোচনা : মেসার্স সাইমুন ইন্টারন্যাশনাল গত ০২ (দুই) বছরে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত ২টি প্রকল্প সফলভাবে সম্পন্ন করেছে ঃ-

| ক্র/নং | কাজের বিবরণ | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | শহীদ সরণির শহীদ জাহাঙ্গীর গেইট হতে উত্তর দিকের বিএএফ বেস বাশার এর মেইন গার্ডরুম গেইট পর্যন্ত ফুটপাত মেরামত ও পেভমেন্ট টাইলস স্থাপন। | ৮,৮৫,৪০২/- | ১০০% সমাপ্ত |
| ২. | শহীদ সরণির আদমজী স্কুলের পশ্চিম পার্শ্বে বাসস্ট্যান্ড সংলগ্ন নতুন ফুটপাত নির্মাণ এবং ফুটওভার ব্রীজের পূর্ব পশ্চিম পার্শ্বের সিরামিক টাইলস অপসারণসহ ফুটপাত মেরামত ও পেভমেন্ট টাইলসসহ ফেসিং ব্রিক স্থাপন কাজ। | ১২,১৬,১৩২/- | ১০০% সমাপ্ত |

সম্পাদিত কাজের গুণগত মান সন্তোষজনক ছিল মর্মে নির্বাহী প্রকৌশলী সভাকে জানান।

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২য় শ্রেণীর তালিকাভুক্ত ঠিকাদার মেসার্স সাইমুন ইন্টারন্যাশনাল-কে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে উন্নীত করা হয়।

আলোচ্য বিষয়-২৩: গত ১৫ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয় ৪৭ বিবিধ-৫ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে মহাখালী ডিওএইচএস এলাকায় ইয়োগা থেরাপি ব্যায়াম করার অনুমতি সংক্রান্ত মহাখালী ডিওএইচএস পরিষদ এর মতামত সভায় উপস্থাপন।

আলোচনা : জনাব লিয়াকত আলী, বাড়ী#৪৩৮, রোড#৩১, মহাখালী ডিওএইচএস, ঢাকা সেনানিবাসের আবেদনের প্রেক্ষিতে গত ১৫ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয় ৪৭ বিবিধ-৫ এর মাধ্যমে উক্ত বাসায় ইয়োগা থেরাপি চর্চার অনুমতি প্রদানের বিষয়টি উপস্থাপন করা হলে এ বিষয়ে মহাখালী ডিওএইচএস পরিষদ এর মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক ডিওএইচএস পরিষদ এর ৬ মার্চ, ২০১৬ তারিখের ডিওএইচএস-মহা/১১৬/১৬ নং পত্রের মাধ্যমে উক্ত বাড়ীতে ইয়োগা থেরাপি চর্চার বিষয়ে অনাপত্তি প্রদান করা হয়েছে। পরবর্তীতে ০৮ মার্চ, ২০১৬ তারিখে মহাখালী ডিওএইচএস পরিষদের পত্রের মাধ্যমে উক্ত অনুমতিপত্র স্থগিত করা হয়েছে।

সিদ্ধান্ত : মহাখালী ডিওএইচএস এলাকায় জনাব লিয়াকত আলী-কে ইয়োগা থেরাপি চর্চার অনুমতি প্রদানের বিষয়টি অধিকতর যাচাই-বাছাই করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

আলোচ্য বিষয়-২৪: ক্যান্টনমেন্ট বাজার এলাকায় বসবাসকারী জনসাধারণের নিরাপত্তার জন্য সার্বক্ষণিক নিরপত্তা প্রহরী দল নিযুক্তকরণ।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকায় বিভিন্ন সামরিক/বেসামরিক দপ্তরের স্টাফ কোয়ার্টারে বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তা/কর্মচারীসহ ব্যক্তি মালিকানাধীন বাসায় দেশের গণ্যমান্য ব্যক্তিবর্গ সপরিবারে বসবাস করেন। উক্ত এলাকায় প্রায়শ: ছোট-খাট চুরি ও নানা ধরনের শান্তি-শৃঙ্খলা ভঙ্গকারী কর্মকাণ্ড সংঘটিত হওয়ার খবর পাওয়া যায়। যা সেনানিবাসের মত একটি সুশৃঙ্খল এলাকায় সম্পূর্ণভাবে অনাকাঙ্খিত। ক্যান্টনমেন্ট বাজার এলাকায় বসবাসকারী জনসাধারণের নিরাপত্তা নিশ্চিতকরণসহ সুশৃঙ্খল পরিবেশ বজায় রাখার লক্ষ্যে সার্বক্ষণিক নিরাপত্তা প্রহরী বা কমিউনিটি পুলিশ নিয়োগ করা প্রয়োজন। উক্ত কাজের জন্য ১জন সুপারভাইজার ও ১২ জন নিরাপত্তা প্রহরী নিয়োগের জন্য যে ব্যয় হবে তা উক্ত এলাকার বাসিন্দাদের নিকট হতে মাসিক চাঁদা হিসেবে আদায় করা যেতে পারে।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকায় বসবাসকারী জনসাধারণের নিরাপত্তার জন্য ট্রাষ্ট সিকিউরিটি এন্ড লজিস্টিকস্ থেকে ১ জন সুপারভাইজার ও ১২ জন নিরাপত্তা প্রহরী নিয়োগ করা হবে। এ খাতের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্রতিটি ফ্ল্যাট থেকে মাসিক ৩০০.০০ (তিন শত) টাকা পানির বিলের সাথে নিরাপত্তা চাঁদা পরিশোধ করতে হবে। বিষয়টি ক্যান্টনমেন্ট বাজার এলাকায় বসবাসকারী সকল বাসিন্দাকে অবহিত করতে হবে।

আলোচ্য বিষয়-২৫: ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের বারান্দায় থাই স্থাপনসহ এয়ার কন্ডিশন কাজের ব্যয় গত ০৩ জানুয়ারি ২০১৬ তারিখের বোর্ডসভার আলোচ্যসূচী-২৬(১০) এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৭ ফেব্রুয়ারি ২০১৬ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৬৩-৪/শা-৮/৫০ নং পত্রের অনুবৃত্তিক্রমে অনুদানের পরিবর্তে বোর্ডের স্থানীয় আয় হতে সংকুলানের অনুমোদন।

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের বারান্দায় থাই স্থাপনসহ এয়ার কন্ডিশন কাজের ব্যয় গত ০৩ জানুয়ারি ২০১৬ তারিখের বোর্ডসভার আলোচ্যসূচী-২৬(১০) এর মাধ্যমে অনুদান হতে সংকুলান করার সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৭ ফেব্রুয়ারি ২০১৬ তারিখের ৭/এমএলএন্ডসি/ ঢাকা/১৬৩-৪/শা-৮/৫০ নং পত্রের মাধ্যমে বোর্ডের স্থানীয় আয় হতে ব্যয় সংকুলানের অনুমোদন পাওয়া যায়।

সিদ্ধান্ত : সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদন মোতাবেক ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের বারান্দায় থাই ও এয়ার কন্ডিশন স্থাপন কাজের ৩২,২৮,১৬৭.০০ (বত্রিশ লক্ষ আটাশ হাজার একশত সাতষট্টি) টাকার ব্যয় বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে সংকুলান করার অনুমোদন প্রদান করা হয়।

আলোচ্য বিষয়-২৬: গত ১৩ জানুয়ারি, ২০১৬ তারিখে অনুষ্ঠিত সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৫৩তম সভার কার্যবিবরণী অবহিত ও গৃহীত সিদ্ধান্তের উপর ক্যান্টনমেন্ট বোর্ডের কার্যক্রম।

আলোচনা : মাননীয় সেনাবাহিনী প্রধানের সভাপতিত্বে গত ১৩ জানুয়ারি, ২০১৬ তারিখে অনুষ্ঠিত সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৫৩তম সভার কার্যবিবরণী বোর্ডের অবগতির জন্য উপস্থাপন করা হয়।

সিদ্ধান্ত : সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৫৩তম সভার কার্যবিবরণী অবলোকন করা হয় এবং যে সকল বিষয়ে বোর্ডের কার্যক্রম রয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধসহ উক্ত সিদ্ধান্ত ঘটনোত্তর অনুমোদন করা হ'ল। সিদ্ধান্তসমূহ ক্যান্টনমেন্ট বাজার এলাকাসহ ঘোষিত এলাকার (Chaptered Area) জন্যও প্রযোজ্য হবে।

আলোচ্য বিষয়-২৭: গত ১৩ জানুয়ারি, ২০১৬ তারিখে অনুষ্ঠিত সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৫৩তম সভার ১৮ নং সিদ্ধান্তের প্রেক্ষিতে মিরপুর ডিওএইচএস এর মাস্টার প্ল্যান সংশোধনের জন্য মূল নকশা প্রণেতা প্রতিষ্ঠান টেকনো বিল্ডার্স এন্ড কনসালটেন্ট-কে নিযুক্তকরণ।

আলোচনা : সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৫৩তম সভার আলোচ্যসূচী-১৮ এর মাধ্যমে মিরপুর ডিওএইচএস এর মাস্টার প্ল্যানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ডেসকোর ২য় সাব স্টেশন, ওয়াসার পাম্প হাউজ, শিশুপার্ক, মসজিদ ইত্যাদির অবস্থান প্রদর্শন করে সংশোধিত নকশা প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী জানান যে, মিরপুর ডিওএইচএস এর মূল মাস্টার প্ল্যান টেকনো বিল্ডার্স এন্ড কনসালটেন্ট কর্তৃক প্রস্তুত করা হয়েছে। সভায় আলোচনাক্রমে উক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে মাস্টার প্ল্যান সংশোধন করা সমীচীন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস এর মাস্টার প্ল্যানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ডেসকোর ২য় সাব স্টেশন, ওয়াসার পাম্প হাউজ, শিশুপার্ক, মসজিদ ইত্যাদির অবস্থান প্রদর্শন করে মূল মাস্টার প্ল্যান প্রস্তুতকারী প্রতিষ্ঠান মেসার্স টেকনো বিল্ডার্স এন্ড কনসালটেন্ট এর মাধ্যমে সংশোধিত মাস্টার প্ল্যান প্রস্তুত করার অনুমোদন প্রদান করা হয়।

আলোচ্য বিষয়-২৮: গত ১৫ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোডসভার আলোচ্যবিষয়-২৬(১৩) এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে মহাখালী ডিওএইচএস এর বি/১৩২ নং প্লটে সেটব্যাকের বাহিরে খালি জমিতে লিফ্ট স্থাপনের নকশা অনুমোদন।

আলোচনা : মহাখালী ডিওএইচএস এর বি/১৩২ নং প্লটে সেটব্যাকের বাহিরে খালি জায়গায় লিফ্ট স্থাপনের সংশোধিত নকশা অনুমোদনের জন্য গত ১৫ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-২৬(১৩) এর মাধ্যমে উপস্থাপন করা হলে এমআইএসটি'র কারিগরী ভেটিং সাপেক্ষে নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। সেটব্যাকের বাহিরে ভবনের সংগে লিফ্ট স্থাপনের পর্যাপ্ত স্থান আছে এবং যেহেতু ভার্টিক্যালি কোন এক্সটেনশন হবে না, তাই এমআইএসটি'র কারিগরী ভেটিং ব্যতীত নকশা অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত : সরেজমিন পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদনসহ আগামী বোর্ডসভায় উপস্থাপন করতে হবে।

আলোচ্য বিষয়-২৯: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ল্যাবে আলট্রাসনোগ্রাম রিপোর্ট প্রিন্ট করার জন্য একটি Epson L-130 কালার প্রিন্টার ক্রয়ের জন্য ১৫,০০০.০০ (পঁনের হাজার) টাকা ব্যয়ের অনুমোদন।

আলোচনা : আলট্রাসনোগ্রাম মেশিনের সাথে ব্যবহৃত বিদ্যামান কালার প্রিন্টারটি নষ্ট হয়ে হওয়ার কারণে একটি Epson L-130 কালার প্রিন্টার ক্রয় করা প্রয়োজন।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ল্যাবে আলট্রাসনোগ্রাম রিপোর্ট প্রিন্ট করার জন্য একটি Epson L-130 কালার প্রিন্টার ক্রয়ের জন্য ১৫,০০০.০০ (পঁনের হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৩০: রজনীগন্ধা টাওয়ার এর নিচতলার ৮ ও ১৫ নং দোকানের মধ্যখানের দেয়াল ভাঙ্গার অনুমতির জন্য জনাব মোঃ ফজলুল হক, পিতা-মৃত আঃ জব্বার মিয়া, বাড়ি নং-৭২, ফ্ল্যাট নং-এ/৪, রোড ব্লক-এইচ,বনানী, ঢাকা এবং জনাব ওয়াহিদ মুরাদ, পিতা-আলাউদ্দিন প্রধান, ১৪৮, ইব্রাহিমপুর স্কুল রোড, কাফরুল, ঢাকা এর গত ১১ ফেব্রুয়ারি ২০১৬ তারিখের আবেদন।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটের নিচতলা-৮ নং দোকানের বরাদ্দলাভকারী লেঃ কমান্ডার এম এ হানিফ, বিএন (অবঃ) এবং নিচতলা-১৫ নং দোকানের বরাদ্দলাভকারী জনাব মোঃ ফজলুল হক। গত ১১ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে জনাব মোঃ ফজলুল হক ও নিচতলা-৮ নং দোকানের ক্রেতা জনাব মোঃ ওয়াহিদ মুরাদ উক্ত দোকান দু'টির মাঝখানের পার্টিশন দেওয়াল অপসারণ করার অনুমতি চেয়ে আবেদন করেন।

সিদ্ধান্ত : রজনীগন্ধা টাওয়ার এর নিচতলা-৮ ও ১৫ নং দোকানের মাঝের পার্টিশন দেয়াল অপসারণ করার অনুমমোদন প্রদান করা হয়। তবে দেয়াল অপসারণের যাবতীয় কাজ ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশল শাখার সাথে সমন্বয় করে সম্পাদন করতে হবে এবং নিচতলা-৮ নং দোকানের মূল বরাদ্দলাভকারীর অনাপত্তিপত্র জমা করতে হবে।

আলোচ্য বিষয়-৩১: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের লিফ্‌ট মাসিক সার্ভিসিং ও রক্ষণাবেক্ষণের চুক্তিপত্র নবায়ন প্রসংগে।

আলোচনা : হাসপাতালের লিফ্‌ট মাসিক সার্ভিসিং ও রক্ষণাবেক্ষণের কাজে নিয়োজিত আজিজ এন্ড কোং লিমিটেড এর চুক্তির মেয়াদ ৩১/৩/২০১৬ তারিখে শেষ হবে। চুক্তির মেয়াদ নবায়নের জন্য এবং মাসিক রক্ষণাবেক্ষণ চার্জ ৩,৭০০/- টাকার পরিবর্তে ৬,০০০.০০ (ছয় হাজার) টাকা করার জন্য গত ২৯/০২/২০১৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছে।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের লিফ্‌ট মাসিক সার্ভিসিং ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত আজিজ এন্ড কোং লিমিটেড এর সাথে মাসিক ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকায় ০১/৪/২০১৬ তারিখ হতে ৩১/৩/২০১৬ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের জন্য চুক্তিপত্র নবায়ন করা হয় মর্মে জানাতে হবে।

আলোচ্য বিষয়-৩২: রজনীগন্ধা সুপার মার্কেটে নতুন ৫০০ কেভিএ সাব-স্টেশন, এইচটি/এলটি ক্যাবল, ওভারহেড ডিষ্ট্রিবিউশন লাইন, আনুষংগিক মালামালসহ সাব-ষ্টেশন বিল্ডিং নির্মাণ কাজের জন্য দোকান মালিকদের নিকট থেকে ইনস্টলেশন চার্জ আদায়করণ।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটে নতুন ৫০০ কেভিএ সাব-স্টেশন, এইচটি/এলটি ক্যাবল, ওভারহেড ডিষ্ট্রিবিউশন লাইন, আনুষংগিক মালামালসহ সাব-ষ্টেশন বিল্ডিং নির্মাণ কাজের জন্য সিএমইএস কর্তৃক ভেটিংকৃত দর অনুযায়ী মোট ১,০৯,৩৯,৭৫২.০০ (এক কোটি নয় লক্ষ উনচল্লিশ হাজার সাতশত বায়ান্ন) টাকা ব্যয় হবে। উক্ত কাজের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে মূল্যানুমান অনুমোদন পাওয়া গেছে। দরপত্র আহবান কার্যক্রম প্রক্রিয়াধীন। গত ০৯ সেপ্টেম্বর ২০১৫ তারিখের বোর্ডসভার আলোচ্যসূচী-২৫(২১) এর মাধ্যমে বোর্ডের স্থানীয় আয় এবং দোকান মালিকদের নিকট থেকে ইনস্টলেশন চার্জ বাবদ আদায়কৃত অর্থ হতে উক্ত ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে দোকান মালিকদের উপর ইনস্টলেশন চার্জ ধার্য করা প্রয়োজন। উল্লেখ্য যে, যেসকল দোকানে এসি ব্যবহার করা হচ্ছে/এসি ব্যবহারের জন্য অত্র দপ্তরে আবেদন করেছেন/ভবিষ্যতে যারা এসি স্থাপনের জন্য আবেদন করবেন তাদের নিকট থেকে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা এবং অন্যান্য সকল ট্রেডের ব্যবসায়ীদের নিকট ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা হারে এককালীন ইনস্টলেশন চার্জ আদায় করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটে নতুন ৫০০ কেভিএ সাব-স্টেশন, এইচটি/এলটি ক্যাবল, ওভারহেড ডিষ্ট্রিবিউশন লাইন, আনুষংগিক মালামালসহ সাব-ষ্টেশন বিল্ডিং নির্মাণ কাজের জন্য দোকান মালিকদের নিকট থেকে ইনস্টলেশন চার্জ বাবদ দোকান প্রতি ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা এবং যে সকল দোকানে এসি ব্যবহৃত হচ্ছে এবং ভবিষ্যতে ব্যবহৃত হবে তাদের ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা হারে মে, ২০১৬ মাসের ভাড়ার সাথে পরিশোধ করতে হবে। বিষয়টি সকল দোকান মালিক/ব্যবসায়ীদের অবহিত করতে হবে।

আলোচ্য বিষয়-৩৩: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় নির্মিত ভবনের ভার্টিক্যাল এক্সটেনশন-সংশোধিত স্ট্রাকচারাল নকশার উপর এমআইএসটি কর্তৃক একবার কারিগরীভাবে Unsafe ঘোষণা করার পর পুনরায় প্লট মালিকের আবেদন পুনর্বিবেচনা/রেট্রোফিটিং প্রসংগে।

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকার বহুতল ভবনের ভার্টিক্যাল এক্সটেনশনের জন্য কোন আবেদন করা হলে এ বিষয়ে CATS MIST এর মতামত সাপেক্ষে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নকশা অনুমোদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। যে সকল ভবনের ভার্টিক্যাল এক্সটেনশনের বিষয়ে CATS MIST কর্তৃক একবার 'Unsafe' হিসেবে মতামত প্রদান করা হয় সে সকল ভবনে Retrofitting বা অন্য কোন উপায়ে ভার্টিক্যাল এক্সটেনশন অনুমোদনের আবেদন যাচাই-বাছাই করা খুবই দুরূহ এবং ব্যয় সাপেক্ষ হওয়ায় তা বিবেচনা না করাই যুক্তিযুক্ত মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : এমআইএসটি কর্তৃক একবার কোন ভবনের ভার্টিক্যাল এক্সটেনশন কারিগরীভাবে সুপারিশ করা না হলে পরবর্তীতে উক্ত প্লটে As Built বা Retrofiting ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত/বিবেচনা করে পুনরায় ভার্টিক্যাল এক্সটেনশনের কোন প্রস্তাব বিবেচনা করা হবে না।

আলোচ্য বিষয়-৩৪: মিরপুর ডিওএইচএস এর সীমানা প্রাচীর সংলগ্ন প্লট নং-১০৯২ এর দক্ষিণ পার্শ্বে হেলে পড়া রোধকল্পে আরসিসি পিলারসহ টানা নির্মাণ কাজের জন্য ঠিকাদারের বিল পরিশোধের লক্ষ্যে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৭ মার্চ ২০১৬ তারিখের ২৩.২২.০০০০.২৭.১৪.০৩৯.১৬.১৯৫ নং পত্র প্রসংগে।

আলোচনা : মিরপুর ডিওএইচএস এর সীমানা প্রাচীর সংলগ্ন প্লট নং-১০৯২ এর দক্ষিণ পার্শ্বে হেলে পড়া রোধকল্পে আরসিসি পিলারসহ টানা নির্মাণ কাজটি মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে ব্যয় সংকুলান সাপেক্ষে অনুমোদিত হয়। কিন্তু মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিলে পর্যাপ্ত অর্থ না থাকায় উক্ত কাজের বিল উন্নয়ন তহবিলের পরিবর্তে মিরপুর ডিওএইচএস বিবিধ তহবিল হতে সংকুলানের অনুমোদন চাওয়া হলে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৭ মার্চ ২০১৬ তারিখের ২৩.২২.০০০০.২৭.১৪.০৩৯.১৬.১৯৫ নং পত্রের মাধ্যমে উক্ত কাজের জন্য ১,৯৯,১১৬.০০ (এক লক্ষ নিরানব্বই হাজার একশত ষোল) টাকা বিবিধ তহবিল হতে ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস এর সীমানা প্রাচীর সংলগ্ন প্লট নং-১০৯২ এর দক্ষিণ পার্শ্বে হেলে পড়া রোধকল্পে আরসিসি পিলারসহ টানা নির্মাণ কাজের জন্য ১,৯৯,১১৬.০০ (এক লক্ষ নিরানব্বই হাজার একশত ষোল) টাকা বিবিধ তহবিল হতে সংকুলান করার অনুমোদন প্রদান করা হয়।

আলোচ্য বিষয়-৩৫: মহাখালী ডিওএইচএস পরিষদের এক্সিকিউটিভ কমিটির নির্বাচনের ব্যানার ফ্যাস্টুন মাইকিং খরচ বাবদ ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে।

আলোচনা : মহাখালী ডিওএইচএস পরিষদ এক্সিকিউটিভ কমিটি নির্বাচন ২০১৬ এর তফসিল একাধিকবার পরিবর্তন হওয়ায় তিন বার ব্যানার, ফেস্টুন ও এলাকাবাসীর অবগতির জন্য মাইকিং করা হয়েছে।

সিদ্ধান্ত : মহাখালী ডিওএইচএস পরিষদ এক্সিকিউটিভ কমিটি নির্বাচন, ২০১৬ ব্যানার ফ্যাস্টুন মাইকিং বাবদ ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় মহাখালী ডিওএইচএস বিবিধ তহবিল হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৩৬: বিমান বাহিনীর বিমান সপ্তাহ পালনের জন্য ১০,০০০টি লিফলেট সরবরাহ করণ বাবদ ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে।

আলোচনা : বাংলাদেশ বিমান বাহিনীর বাৎসরিক বিমান সপ্তাহ পালন উপলক্ষে সেনানিবাসে বসবাসকারী ও সেনানিবাসের মধ্য দিয়ে যাতায়াতকারী ব্যক্তিবর্গের জন্য সচেতনতামূলক বক্তব্য প্রচারণার জন্য (নমুনা মোতাবেক) ১০,০০০টি ছাপিয়ে বিমান বাহিনী কর্তৃপক্ষকে প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। উক্ত কাজের জন্য আনুমানিক ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত : বিমান বাহিনীর বিমান সপ্তাহ পালনের জন্য ১০,০০০টি লিফলেট ছাপানো ও সরবরাহ বাবদ ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় বাজেটের মুদ্রণ খাতে বরাদ্দকৃত অর্থ হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৩৭: জন্ম নিবন্ধন শাখার জন্য মনিটর, টেবিল, চেয়ার, আলমারী, র‍্যাক, জানালার পর্দা, সোফাসেট, কঞ্জারভেন্সী অফিসারের র‍্যাক ইত্যাদি ক্রয় বাবদ মোট ১,৫১,৯০০.০০ (এক লক্ষ একান্ন হাজার নয়শত) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে।

আলোচনা : জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৬ অনুসারে বাংলাদেশের সকল নাগরিকের জন্ম ও মৃত্যু নিবন্ধন বাধ্যতামূলক। ঢাকা সেনানিবাসে বসবাসকারী সামরিক/বেসামরিক সকল ব্যক্তিবর্গের জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। জন্ম ও মৃত্যু নিবন্ধন শাকার জন্য এক সেট সোফা, চেয়ার, মনিটর, টেবিল, আলমীরা, র‍্যাক, জানালার পর্দা ও কঞ্জারভেন্সী শাখার জন্য র‍্যাক ক্রয়ের নিমিত্ত ১,৫১,৯০০.০০ (এক লক্ষ একান্ন হাজার নয়শত) টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় জন্ম ও মৃত্যু নিবন্ধনের আয় হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : জন্ম ও মৃত্যু নিবন্ধন খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে জন্ম ও মৃত্যু নিবন্ধন শাকার জন্য এক সেট সোফা, চেয়ার, মনিটর, টেবিল, আলমীরা, র‍্যাক, জানালার পর্দা ও কঞ্জারভেন্সী শাখার জন্য র‍্যাক ক্রয়ের নিমিত্ত ১,৫১,৯০০.০০ (এক লক্ষ একান্ন হাজার নয়শত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। বিধি মোতাবেক দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-৩৮: ২৪/০২/২০০৯ইং তারিখে বিডিআর বিদ্রোহে শাহাদাত বরণকারী সেনাসদস্যদের কবরে শ্রদ্ধাঞ্জলি দেওয়ার জন্য ১০টি ফুলের রিং তৈরীর নিমিত্ত ৩২,০০০.০০ (বত্রিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা : ঢাকা সেনানিবাসস্থ বনানী সামরিক কবরস্থানে বিডিআর বিদ্রোহে শাহাদাত বরণকারী সেনাসদস্যদের কবরে শ্রদ্ধাঞ্জলি দেওয়ার জন্য ১০টি ফুলের রিং তৈরীর জন্য নিম্নবর্ণিত ব্যয় হয়ঃ-

| ক্র/নং | বিবরণ | পরিমাণ | দর | মোট |
|---|---|---|---|---|
| ১। | গোলাপ ফুল | ৪৭৫০টি | ৪.০০ | ১৯০০০.০০ |
| ২। | গ্লাডিওলাস ফুল | ২০০টি | ১২.০০ | ২৪০০.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | রজনীগন্ধারা পাপড়ী | ০৮ কেজি | ৪০০.০০ | ৩২০০.০০ |
| ৪। | গাদা ফুলের মালা | ১০টি | ৫০০.০০ | ৫০০০.০০ |
| ৫। | সবুজ কাপড় | ৩০ গজ | ৪০.০০ | ১২০০.০০ |
| ৬। | গুনা তার | ০৮ কেজি | ১২০.০০ | ৯৬০.০০ |
| ৭। | সুতলী | ০২ কেজি | ১২০.০০ | ২৪০.০০ |
| | | | মোট = | ৩২,০০০.০০ |

সিদ্ধান্ত : আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে ঢাকা সেনানিবাসস্থ বনানী সামরিক কবরস্থানে বিডিআর বিদ্রোহে শাহাদাত বরণকারী সেনাসদস্যদের কবরে শ্রদ্ধাঞ্জলি দেওয়ার জন্য ১০টি ফুলের রিং তৈরীর জন্য ৩২,০০০.০০ (বত্রিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়।

আলোচ্য বিষয়-৩৯: নৌ বাহিনী কঞ্জারভেন্সী শাখার কর্মচারীদের পোষাক ক্রয়ের নিমিত্ত ৬৭,০৫০.০০ (সাতষট্টি হাজার পঞ্চাশ)টাকা ব্যয়ের অনুমোদন।

আলোচনা : নৌ বাহিনী কঞ্জারভেন্সী শাখায় মোট ২৩ জন কর্মচারী কর্মরত আছেন। তাদের প্রত্যেককে একসেট করে পোষাক, গামবুট ও রেইনকোট প্রদানের জন্য নিম্নবর্ণিত ব্যয় হবেঃ-

| ক্র/নং | বিবরণ | টাকা |
|---|---|---|
| ক। | ০১(এক)জন কঞ্জারভেন্সী ড্রাইভার ও ০১(এক)জন কঞ্জারভেন্সী সুপার ভাইজারের পোষাক ০১(এক)সেট করে প্রতিসেট ১৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা ×২ সেট -----------------= | ৩০০০.০০ |
| খ। | ২১(একুশ) জন কর্মচারীর পোষাক ০১(এক)সেট করে প্রতিসেট ১৫০০/-টাকা ×২১×১ হিসাবে --= | ৩১৫০০.০০ |
| গ। | ২১(একুশ) জন ঝাড়ুদারের ২১ (একুশ)সেট গামবুট, প্রতিসেট ৫৫০/-টাকা ×২১ মোট -------- = | ১১৫৫০.০০ |
| ঘ। | ২১(একুশ) জন ঝাড়ুদারের রেইনকোট ২১(একুশ)সেট প্রতিসেট ১০০০/- টাকা ×২১ --------- = | ২১০০০.০০ |
| | মোট = | ৬৭,০৫০.০০ |

সিদ্ধান্ত : নৌ বাহিনী কঞ্জারভেন্সী শাখার কর্মচারীদের পোষাক ক্রয়ের নিমিত্ত ৬৭,০৫০.০০ (সাতষট্টি হাজার পঞ্চাশ)টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় নৌ বাহিনী কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৪০: ১৩ এমপি ইউনিটের ০৮ ফেব্রুয়ারি ২০১৬ তারিখের ২৩.০১.৯০১.৬৫৫.০৩.২০২.১৪.১১.০১.১৫ নং পত্রের আলোকে ইউনিট এলাকায় ০১(এক)টি পাঁকা ডাষ্টবিন নির্মাণের জন্য ৯৩,৩০৩.০০ (তিরানব্বই হাজার তিনশত তিন) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা : ১৩ এমপি ইউনিট এলাকায় একটি পাকা ডাস্টবিন নির্মাণের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডকে অনুরোধ জানানো হয়েছে। সে মোতাবেক উক্ত এলাকায় একটি পাকা ডাস্টবিন নির্মাণ করতে ৯৩,৩০৩.০০ (তিরানব্বই হাজার তিনশত তিন) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত : আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে ১৩ এমপি ইউনিট এলাকায় একটি পাকা ডাস্টবিন নির্মাণের জন্য ৯৩,৩০৩.০০ (তিরানব্বই হাজার তিনশত তিন) টাকা ব্যয়ের অনুমোদন করা হয়। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-৪১: অফিস কার নং-১১-০১৬৯ বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজের জন্য ৪২,৪০৫.০০ (বিয়াল্লিশ হাজার চারশত পাঁচ) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত ব্যয় ক-৫ খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কার নং-১১-০১৬৯ নিম্নবর্ণিত যন্ত্রাংশ দ্বারা মেরামত করতে ৪২,৪০২.০০ (বিয়াল্লিশ হাজার চারশত পাঁচ) টাকা ব্যয় হবেঃ-

| ক্রমিক নং | বিবরন | পরিমান | দর | মোট |
|---|---|---|---|---|
| ১। | ফ্যান মটর | ০১টি | ১৮৭০.০০ | ১৮৭০.০০ |
| ২। | ক্লাস প্লেট | ০১টি | ৫৬০০.০০ | ৫৬০০.০০ |
| ৩। | প্রেসার প্লেট | ০১টি | ৪৩৫০.০০ | ৪৩৫০.০০ |
| ৪। | সকব জার্বার মাউন্টিং | ০১টি | ২৯১৫.০০ | ২৯১৫.০০ |
| ৫। | রিং রড | ০২টি | ১২৪০.০০ | ২৪৮০.০০ |
| ৬। | রিলিজ বেয়ারিং | ০১টি | ২৭৫০.০০ | ২৭৫০.০০ |
| ৭। | এয়ার ক্লিনার ফিল্টার | ০১টি | ৫৬০.০০ | ৫৬০.০০ |
| ৮। | মবিল ফিল্টার | ০১টি | ৪৮০.০০ | ৪৮০.০০ |
| ৯। | ফ্যান বেল্ট (৬ ফুট) | ০১টি | ১৬০০.০০ | ১৬০০.০০ |
| ১০। | পাওয়ার মটর ব্যাকে মেরামত | -- | -- | ৩০০.০০ |
| ১১। | চাকা (সাইজ-৮৫-৭০-১৪) | ০২টি | ৯৭৫০.০০ | ১৯৫০০.০০ |
| | | | মোট = | ৪২,৪০৫.০০ |

সিদ্ধান্ত : প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কার নং-১১-০১৬৯ মেরামতের জন্য ৪২,৪০২.০০ (বিয়াল্লিশ হাজার চারশত পাঁচ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-৪২: কঞ্জারভেন্সী ট্রাক নং-১১-১২৬৯ বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজের জন্য ৪৬,৪৪৫.০০ (ছেচল্লিশ হাজার চারশত পয়তাল্লিশ) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত ব্যয় নেভী কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক নং-১১-১২৬৯ নিম্নবর্ণিত যন্ত্রাংশ দ্বারা মেরামতের জন্য ৪৬,৪৪৫.০০ (ছেচল্লিশ হাজার চারশত পয়তাল্লিশ) টাকা ব্যয় হবেঃ-

| ক্রমিক নং | বিবরন | পরিমান | দর | মোট |
|---|---|---|---|---|
| ১। | ইঞ্জিন স্লিপ | ০১ সেট | ৬৫০০.০০ | ৬৫০০.০০ |
| ২। | পিষ্টন রিং | ০১ সেট | ৩০০০.০০ | ৩০০০.০০ |
| ৩। | পিষ্টন কাটানো | -- | -- | ৮৭০.০০ |
| ৪। | হেডের গাইট | ০১ সেট | ২০০০.০০ | ২০০০.০০ |
| ৫। | বেল্ট | ০১ সেট | ২৬০০.০০ | ২৬০০.০০ |
| ৬। | ছিট সকেট নতুন | ০১ সেট | ২০০০.০০ | ২০০০.০০ |
| ৭। | বেল্ট ক্যাপ | ০১ সেট | ৮৫০.০০ | ৮৫০.০০ |
| ৮। | পাম্প নতুন | ০১টি | ১৭৫০০.০০ | ১৭৫০০.০০ |
| ৯। | নজেল | ০১ সেট | ৫২৫০.০০ | ৫২৫০.০০ |
| ১০। | চেম্বার বুষ্টিক | ০১টি | ১৫০.০০ | ১৫০.০০ |
| ১১। | গ্যাছকিট | ০১ সেট | ১৭০০.০০ | ১৭০০.০০ |
| ১২। | ক্লাস প্লেট | ০১টি | ২১৭৫.০০ | ২১৭৫.০০ |
| ১৩। | বেল্ট সীল | ০১টি | ৩৫০.০০ | ৩৫০.০০ |
| ১৪। | লেদ চার্জ | -- | -- | ১৫০০.০০ |
| | | | মোট = | ৪৬,৪৪৫.০০ |

সিদ্ধান্ত : নেভী কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় সংকুলান সাপেক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক নং-১১-১২৬৯ মেরামতের জন্য ৪৬,৪৪৫.০০ (ছেচল্লিশ হাজার চারশত পয়তাল্লিশ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-৪৩: কঞ্জারভেন্সী ট্রাক নং-৮৩৯৪ বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজের জন্য ২৬,৭৩০.০০ (ছাব্বিশ হাজার সাতশত ত্রিশ) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত ব্যয় বিএএফ বেস বাশার কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক নং-৮৩৯৪ নিম্নবর্ণিত যন্ত্রাংশ দ্বারা মেরামতের জন্য ২৬,৭৩০.০০ (ছাব্বিশ হাজার সাতশত ত্রিশ) টাকা ব্যয় হবেঃ-

| ক্রমিক নং | বিবরন | পরিমান | দর | মোট |
|---|---|---|---|---|
| ১। | ইঞ্জিন ব্লক স্লিপ লাইনার | ০১ সেট | ৬৫০০.০০ | ৬৫০০.০০ |
| ২। | পিষ্টন রিং | ০১ সেট | ৩০০০.০০ | ৩০০০.০০ |
| ৩। | পিষ্টন | ০২টি | ১৩০০.০০ | ২৬০০.০০ |
| ৪। | কানেকটিং বোল্ড | ০৪টি | ২০০.০০ | ৮০০.০০ |
| ৫। | বেল্ট সীল | ০৮টি | ৫০.০০ | ৪০০.০০ |
| ৬। | গ্যাস কীট | ০১টি | ১৬৫০.০০ | ১৬৫০.০০ |
| ৭। | চেম্বার বুটিক | ০১টি | ১৮০.০০ | ১৮০.০০ |
| ৮। | কানেকটিং | ০১টি | ২৬০০.০০ | ২৬০০.০০ |
| ৯। | হেড গাইট পরিবর্তন, সীট পরিবর্তন, গ্রান্ডিং করা | -- | -- | ৪৫০০.০০ |
| ১০। | লেদের কাজ | -- | -- | ৪৫০০.০০ |
| | | | মোট = | ২৬,৭৩০.০০ |

সিদ্ধান্ত : বিএএফ বেস বাশার কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় সংকুলান সাপেক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক নং-৮৩৯৪ মেরামতের জন্য ২৬,৭৩০.০০ (ছাব্বিশ হাজার সাতশত ত্রিশ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-৪৪: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সাধারণ কঞ্জারভেন্সী শাখার ২ (দুই) জন ড্রাইভারের পিআরএল জনিত কারণে ড্রাইভারের ২টি শুন্য পদে দৈনিক ৩০০.০০ (তিনশত) টাকা মজুরীতে মাষ্টাররোলে ২(দুই) জন ড্রাইভার নিয়োগ।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সাধারণ কঞ্জারভেন্সী শাখার দুই জন ড্রাইভারের এলপিআর জনিত কারণে ড্রাইভারের দু'টি পদ শূন্য আছে। উক্ত পদে কোন ড্রাইভার না থাকায় কঞ্জারভেন্সী ট্রাক চালানো যাচ্ছে না। ফলে সেনানিবাসে ময়লা-আবর্জনা সংগ্রহ ও অপসারণে মারাত্মক বিঘ্ন ঘটছে। তাই উক্ত শূন্য পদে স্থায়ী নিয়োগ না হওয়া পর্যন্ত সম্পূর্ণ অস্থায়ীভাবে মাস্টার রোলে দুই জন ড্রাইভার নিয়োগ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : সেনানিবাসের পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য সাধারণ কঞ্জারভেন্সী শাখার ড্রাইভারের শূন্য পদে স্থায়ী নিয়োগ না হওয়া পর্যন্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাস্টার রোলে দৈনিক ৩০০.০০ (তিনশত) টাকা মজুরীতে দুই জন ড্রাইভার নিয়োগ করতে হবে।

আলোচ্য বিষয়-৪৫: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৪ (চার)টি কঞ্জারভেন্সী ট্রাকের (অ-১৪-১১৬২, অ-১৪-১১৬৩, অ-১৪-১৫২১ ও অ-১১-০০১৪) রেজিস্ট্রেশন, ফিটনেস ও ট্যাক্স টোকেনের জন্য ৭,১৯,০০৪.০০ (সাত লক্ষ উনিশ হাজার চার) টাকা ব্যয়ের অনুমোদন।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের যানবাহনসমূহের অধিকাংশগুলোর রেজিস্ট্রেশন, ফিটনেস সার্টিফিকেট ও ট্যাক্স টোকেন নেই। ইতোপূর্বে ৬টি গাড়ীর কাগজপত্র হালনাগাদ করা হয়েছে। বর্তমানে চারটি কঞ্জারভেন্সী ট্রাকের (অ-১৪-১১৬২, অ-১৪-১১৬৩, অ-১৪-১৫২১ ও অ-১১-০০১৪) পূর্বের বকেয়াসহ হালানাগাদ রেজিস্ট্রেশন, ফিটনেস সার্টিফিকেন ও ট্যাক্স টোকেন বাবদ ৭,১৯,০০৪.০০ (সাত লক্ষ উনিশ হাজার চার) পরিশোধের করতে হবে।

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৪ (চার)টি কঞ্জারভেন্সী ট্রাকের (অ-১৪-১১৬২, অ-১৪-১১৬৩, অ-১৪-১৫২১ ও অ-১১-০০১৪) রেজিস্ট্রেশন, ফিটনেস ও ট্যাক্স টোকেনের জন্য ৭,১৯,০০৪.০০ (সাত লক্ষ উনিশ হাজার চার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়।

আলোচ্য বিষয়-৪৬: আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী এর নাম আংশিক পরিবর্তন (সংশোধন) করে "ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড আদর্শ বিদ্যানিকেতন" করণ প্রসংগে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৩ মার্চ, ২০১৬ তারিখের পত্র।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুলের পরিচালনা পর্ষদের গত ২৮ জানুয়ারি, ২০১৬ তারিখের সভায় আলোচ্যবিষয়-৮ এর মাধ্যমে বিদ্যালয়ের নাম পরিবর্তন করে "ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড আদর্শ বিদ্যানিকেতন" করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক সদর দপ্তর লজিস্টিকস্ এরিয়ার ১৬ মার্চ, ২০১৬ তারিখের ২৩.০১.৯০১.০৯৩.০৭.০৩৭.০১.১৬.০৩.১৬ নং পত্রের মাধ্যমে ক্যান্টনমেন্ট বোর্ডের মতামত চাওয়া হয়। সভায় প্রস্তাবিত নামের বিষয়ে একমত পোষণ করা হয়।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী এর নাম আংশিক পরিবর্তন করে "ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড আদর্শ বিদ্যানিকেতন" করার অনুমোদন প্রদান করা হয়।

আলোচ্য বিষয়-৪৭: মিরপুর ডিওএইচএস পরিষদ এক্সিকিউটিভ কমিটি নির্বাচন ২০১৬ উপলক্ষে ৮০,০০০.০০ (আশি হাজার) টাকা ব্যয়ের অনুমোদন।

আলোচনা : ০১ এপ্রিল ২০১৬ তারিখ মিরপুর ডিওএইচএস পরিষদ এক্সিকিউটিভ কমিটি নির্বাচন উপলক্ষে ব্যালট পেপার ও ব্যানার ছাপানো, প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাডিং অফিসার ও নির্বাচনকাজে নিযুক্ত কর্মকর্তা/কর্মচারীদের সম্মানী ভাতা বাবদ আনুমনিক ৮০,০০০.০০ (আশি হাজার) টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় মিরপুর ডিওএইচএস বিবিধ তহবিল খাত হতে নির্বাহ করা হবে।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস বিবিধ তহবিল হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে মিরপুর ডিওএইচএস পরিষদ এক্সিকিউটিভ কমিটি নির্বাচন ২০১৬ উপলক্ষে ৮০,০০০.০০ (আশি হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়।

আলোচ্য বিষয়-৪৮: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ইনডোর ও আউটডোরের মেডিসিন ক্রয়ের মূল্যানুমান অনুমোদন ও দরপত্র মূল্যায়ন কমিটি গঠন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ইনডোর ও আউটডোরের মেডিসিন ক্রয়ের দরপত্র আহবান করা হয়েছে। গত ২৯ মার্চ, ২০১৬ তারিখে দরপত্র গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য, কমিটি কর্তৃক প্রস্তুতকৃত চাহিদা অনুযায়ী ঔষধের আনুমানিক মূল্য ১২,৬০,৪৯৮.০০ (বার লক্ষ ষাট হাজার চারশত আটানব্বই) টাকা। দরপত্র মূল্যায়ন করার জন্য একটি কমিটি গঠন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ইনডোর ও আউটডোরের মেডিসিন ক্রয়ের জন্য চাহিদাকৃত ঔষধের জন্য ১২,৬০,৪৯৮.০০ (বার লক্ষ ষাট হাজার চারশত আটানব্বই) টাকার মূল্যানুমান অনুমোদন করা হয় এবং দরপত্র মূল্যায়নের জন্য হাসপাতালের মেডিক্যাল অফিসার ডাঃ মোঃ আব্দুর রব এর সভাপতিত্বে ৪ (চার) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার অফিস আদেশ জারী করবেন।

আলোচ্য বিষয়-৪৯: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আল্ট্রাসনোগ্রাম মেশিন এর ওয়ারেন্টি মেয়াদ উত্তীর্ণ হওয়ায় বাৎসরিক রক্ষণাবেক্ষণ চুক্তি করণ।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে সরবরাহকৃত আল্ট্রাসনোগ্রাম মেশিন এর ওয়ারেন্টি মেয়াদ উত্তীর্ণ হয়ে গেছে। সরবরাহকারী প্রতিষ্ঠান জিই হেলথকেয়ার বাংলাদেশ লিঃ এর একমাত্র সার্ভিসিং ডিলার হিসাবে মনোনীত প্রতিষ্ঠান ইউনি হেলথ্ লিমিটেড ৩০/০১/২০১৬ তারিখে আল্ট্রাসনোগ্রাম মেশিন বাৎসরিক রক্ষণাবেক্ষণ বাবদ ৩৬,০০০.০০ (ছত্রিশ হাজার) টাকা দর দাখিল করেছেন। উক্ত ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে নির্বাহ করা হবে।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আল্ট্রাসনোগ্রাম মেশিন বাৎসরিক মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য ইউনি হেলথ্ লিমিটেড এর ৩০/১/২০১৬ তারিখের প্রস্তাব মোতাবেক ৩৬,০০০.০০ (ছত্রিশ হাজার) টাকার দর অনুমোদন করা হয়।

আলোচ্য বিষয়-৫০: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের গ্যাস পাইপ লাইন নষ্ট থাকায় অপারেশন করতে অসুবিধা হইতেছে বিধায় মেরামত করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের গ্যাস পাইপ লাইন স্থাপনকারী প্রতিষ্ঠান স্প্রেট্রা লিঃ এর ওয়ারেন্টি মেয়াদ উত্তীর্ণ হওয়ায় মেরামত করতে ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা এর দর দাখিল করেছেন এবং লিন্ডে বাংলাদেশ লিঃ ১,৬২,২৬৫.০০ (এক লক্ষ বাষট্টি হাজার দুইশত পঁয়ষট্টি) টাকা দর দাখিল করা হয়েছে। উক্ত ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে নির্বাহ করা হবে।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের গ্যাস পাইপ লাইন মেরামতের জন্য দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৫১: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ৪র্থ শ্রেণী কর্মচারীদের পোষাক সরবরাহ করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ওয়ার্ডবয়, আয়া, পরিচ্ছন্নতা কর্মী, নিরাপত্তা কর্মী, অফিস সহায়কদের মোট ৪৪ সেট শার্ট-প্যান্ট এবং ২৮ টি এ্যাপ্রন সরবরাহ করতে আনুমানিক ১,২০,০০০.০০ (এক লক্ষ বিশ হাজার) টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে নির্বাহ করা হবে।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ৪র্থ শ্রেণী কর্মচারীদের পোষাক সরবরাহ করার জন্য ১,২০,০০০.০০ (এক লক্ষ বিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-৫২: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ওয়ার্ডের রোগীদের বিছানার মশারীর ষ্ট্যান্ড তুলনামূলক কম থাকায় নতুন আরও ২০০টি মশারীর ষ্ট্যান্ড সরবরাহের নিমিত্তে ভারপ্রাপ্ত চীফ মেডিকেল অফিসার এর ১৮/০১/২০১৬ তারিখের এসকেএমসিবিজিএইচ/বহি/০৩/৬ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ওয়ার্ডের রোগীদের বিছানার মশারীর ষ্ট্যান্ড সরবরাহ করতে আনুমানিক ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে নির্বাহ করা হবে।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ওয়ার্ডের রোগীদের বিছানার জন্য ২০০টি মশারীর ষ্ট্যান্ড সরবরাহ ও স্থাপনের জন্য ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-৫৩: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের বহিঃ বিভাগের অটোমেশান সিষ্টেম চালু রাখার জন্য যে সকল প্রিন্টার ব্যবহৃত হচ্ছে তা অনেক ব্যয় বহুল। উক্ত প্রিন্টার পরিবর্তন করে ৪টি সাশ্রয়ী প্রিন্টার সরবরাহ করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের বহিঃ বিভাগে রোগীদের রেজিস্ট্রেশন, প্রেসক্রিপশন ও ঔষধ বিতরণ অটোমেশান সিষ্টেম সম্পন্ন করা হয়। উক্ত কাজে ব্যবহৃত রঙিন লেজার প্রিন্টারের টোনার ব্যয়বহুল বিধায় মনোক্রম লেজার প্রিন্টার ক্রয় করা যেতে পারে। ৪টি মনোক্রম লেজার প্রিন্টার ক্রয়ের জন্য আনুমানিক ৪৪,০০০.০০ (চুয়াল্লিশ হাজার) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের বহিঃ বিভাগের অটোমেশান সিষ্টেমের সাথে ব্যবহারের জন্য ২টি মনোক্রম লেজার প্রিন্টার ক্রয়ের নিমিত্ত ২২,০০০.০০ (বাইশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে নির্বাহ করতে হবে।

আলোচ্য বিষয়-৫৪: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের গ্যাস পাইপ লাইনে লিনডে বাংলাদেশ লিমিটেড হতে অক্সিজেন ও নাইট্রাস গ্যাস এর খালি সিলিন্ডার ক্রেডিটে ফিলিং করা হচ্ছে। উক্ত কোম্পানীর সহিত চুক্তিনামা স্বাক্ষর করনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের বিভিন্ন মেডিক্যাল গ্যাস (অক্সিজেন ও নাইট্রাস) লিনডে বাংলাদেশ লিমিটেড হতে ক্রেডিটে ক্রয় করা হয়। উক্ত কোম্পানীর সংগে বাৎসরিক মেডিক্যাল গ্যাস সরবরাহের চুক্তিপত্র করা হলে নিয়মিত ও সঠিক সরবরাহ নির্বিঘ্ন হবে। গ্যাস সিলিন্ডার রিফিলের জন্য খালি সিলিন্ডার ফেরত ও ভরা সিলিন্ডার পরিবহণের জন্য প্রতিবার ১,৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা ব্যয় হয় মর্মে জানা যায়।

সিদ্ধান্ত : লিনডে বাংলাদেশ এর সাথে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে মেডিক্যাল গ্যাস সরবরাহের চুক্তিপত্রে স্বাক্ষর করার জন্য ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারকে প্রাধিকার প্রদান করা হয়। গ্যাস পরিবহণের জন্য প্রতিবার ১,৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়।

আলোচ্য বিষয়-৫৫: মিরপুর ডিওএইচএস এলাকায় মাষ্টার প্ল্যান অনুযায়ী ৩য় ও ৪র্থ গভীর নলকুপ স্থাপনের জায়গার কাগজপত্রসহ ঢাকা ওয়াসাকে বুঝিয়ে দেয়ার বিষয়ে সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ২৪ মার্চ ২০১৬ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২.০৭১.২৭.১৪.০৩.১৬.নলকুপ নং পত্র ও তৎসংযুক্ত ঢাকা ওয়াসার ০২ মার্চ ২০১৬ তারিখের স্মারক নং-৪৬.১১৩.৪১৫.০০.০০.১১৭৭ এবং মিরপুর ডিওএইচএস পরিষদের ০৯ মার্চ ২০১৬ তারিখের ১৭২২/ডিওএইচএস/মিরপুর নং পত্র প্রসংগে।

আলোচনা : গভীর নলকূপ স্থাপনের জন্য মিরপুর ডিওএইচএস এর মাস্টার প্ল্যানে প্রদর্শিত দুটি স্থান ঢাকা ওয়াসা কর্তৃপক্ষের সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণের জন্য বুঝিয়ে দেয়া যেতে পারে।

সিদ্ধান্ত : মাস্টার প্ল্যান অনুযায়ী মিরপুর ডিওএইচএস এর ৩য় ও ৪র্থ গভীর নলকূপ স্থাপনের জায়গা ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ওয়াসা কর্তৃপক্ষকে বুঝিয়ে দিবে।

আলোচ্য বিষয়-৫৬: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে সিসিটিভি ক্যামেরা সিস্টেম পুনঃস্থাপন কাজের জন্য ১,৯১,২০০/- টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদন।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের নতুন ভবনের বিদ্যমান সিসিটিভি ক্যামেরা সিস্টেম বর্তমানে অকেজো অবস্থায় আছে। বিদ্যমান সিসি ক্যামেরা সিস্টেম চালুকরার জন্য পুরাতন ওয়্যারিং পরিবর্তন, ডিভিআর পরিবর্তন ও পুরাতন ভবনে কয়েকটি নতুন ক্যামেরা স্থাপনের জন্য ইতোপূর্বে অনুমোদিত মূল্যানুমানটি সংশোধন করা প্রয়োজন।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে সিসিটিভি ক্যামেরা সিস্টেম পুনঃস্থাপন কাজের জন্য ১,৯১,২০০/- টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদন করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

৫৭ বিবিধ-১ঃ ০৪(চার) কাঠা প্লটে ভূ-গর্ভস্থ বেজমেন্ট/স্টোর নির্মাণ অনুমোদনের বিষয়ে আলোচনা।

আলোচনা : সেনানিবাস ইমারত নির্মাণ উপ-আইনে ৪ (চার) কাঠা আয়তনের প্লটে ভূ-গর্ভস্থ স্টোর বা অন্য কোন স্থাপনা নির্মাণের সুযোগ না থাকায় এ জাতীয় আয়তনের প্লটে বেজমেন্ট, ভূ-গর্ভস্থ স্টোর ইত্যাদি অনুমোদন না করাই সমীচীন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ০৪(চার) কাঠা আয়তনের প্লটে ভূ-গর্ভস্থ তলায় বেজমেন্ট, স্টোর ইত্যাদির নকশা অনুমোদন করা হবে না।

৫৭ বিবিধ-২ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের মেডিক্যাল, ল্যাবরেটরী, ইলেকট্রিক, স্যানিটারী ও স্টেশনারী সামগ্রী সরবরাহের জন্য ২২,৩৫,৭৬৭.০০ (বাইশ লক্ষ পঁয়ত্রিশ হাজর সাতশত সাতষট্টি) টাকার মূল্যানুমান অনুমোদন।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের মেডিক্যাল, ল্যাবরেটরী, ইলেক্ট্রিক, স্যানিটারী ও স্টেশনারী সামগ্রীর বাৎসরিক চাহিদা প্রস্তুত করে কমিটি কর্তৃক তদানুযায়ী ২২,৩৫,৭৬৭.০০ (বাইশ লক্ষ পঁয়ত্রিশ হাজর সাতশত সাতষট্টি) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের মেডিক্যাল, ল্যাবরেটরী, ইলেক্ট্রিক, স্যানিটারী ও স্টেশনারী সামগ্রী সরবরাহের ২২,৩৫,৭৬৭.০০ (বাইশ লক্ষ পঁয়ত্রিশ হাজর সাতশত সাতষট্টি) টাকার মূল্যানুমান অনুমোদন করা হয়। বাজেট বরাদ্দ সাপেক্ষে উক্ত মালামাল সরবাহের জন্য দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

৫৭ বিবিধ-৩ঃ বানৌজা হাজী মহসিন এবং এমইএস (আর্মি) সাউথ এর মধ্যবর্তী রাস্তা প্রশস্তকরণ, ফুটপাত ও ড্রেন নির্মাণ।

আলোচনা : বানৌজা হাজী মহসিন এবং এমইএস (আর্মি) সাউথ এর মধ্যবর্তী রাস্তা প্রশস্তকরণ, ফুটপাত ও ড্রেন নির্মাণের জন্য বা নৌ জা হাজী মহসিন থেকে অনুরোধ জানানো হয়েছে। উক্ত রাস্তাটি ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন নয় মর্মে সভাকে অবহিত করা হয়।

সিদ্ধান্ত : রাস্তাটি ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন নয় বিধায় আপাতত: এ বিষয়ে ক্যান্টনমেন্ট বোর্ডের পক্ষ থেকে কোন কার্যক্রম গ্রহণ করা সম্ভবপর নয়।

৫৭ বিবিধ-৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পুরাতন ভবনের বহিরাংশ রিনোভেশনসহ সভাকক্ষ, ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের অফিস কক্ষ ও রাজস্ব শাখার কর আদায় কক্ষের আভ্যন্তরীন সৌন্দর্য বর্ধন কাজ।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসটি সেনানিবাসের প্রধান রাস্তা শহীদ সরণি সংলগ্ন। উক্ত রাস্তা দিয়ে দেশী বিদেশী ভিভিআপিগণ যাতায়াত করে থাকেন। অফিস ভবনটি দীর্ঘ দিনের পুরানো বিধায় সেনানিবাসের সৌন্দর্যের সাথে মানানসই নয়। উপরন্তু ক্যান্টনমেন্ট বোর্ডের সভাপকক্ষ, ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের অফিস কক্ষ ও রাজস্ব শাখার কর আদায় কক্ষের আভ্যন্তরীন সৌন্দর্য বর্ধন ও অন্যান্য সুযোগ-সুবিধা বৃদ্ধি করা প্রয়োজন। উক্ত কাজের জন্য আনুমানিক ১৫,০০,০০০.০০ (পঁনের লক্ষ) টাকা ব্যয় হবে। উল্লেখ্য, জন্ম ও মৃত্যু নিবন্ধন খাতের আয় হতে উক্ত কাজের যাবতীয় ব্যয় সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পুরাতন ভবনের বহিরাংশ রিনোভেশনসহ সভাকক্ষ, ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের অফিস কক্ষ ও রাজস্ব শাখার কর আদায় কক্ষের আভ্যন্তরীন সৌন্দর্য বর্ধন কাজের জন্য ১৫,০০,০০০.০০ (পঁনের লক্ষ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় জন্ম ও মৃত্যু নিবন্ধন খাতের আয় হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

৫৭ বিবিধ-৫ঃ জনাব মোঃ ছাদির মিয়া, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড এর চুক্তি ভিত্তিক নিয়োগের আবেদন।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পানি ও বিদ্যুৎ শাখায় কর্মরত নিম্নমান সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ ছাদির মিয়া বিধি মোতাবেক আগামী ১৪ মে, ২০১৬ তারিখে অবসরোত্তর ছুটিতে গমন করবেন। তিনি গত ২৪ মার্চ, ২০১৬ তারিখে ১(এক) বছরের জন্য চুক্তি ভিত্তিক নিয়োগের আবেদন করেছেন। আলোচনায় জানা যায় যে, পানি ও বিদ্যুৎ শাখায় কর্মরত জনাব মোঃ ছাদির মিয়া ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকা হতে পানি ও বিদ্যুৎ বিল আদায়ের ক্ষেত্রে দৃষ্টান্তমূলক দক্ষতা ও সততার স্বাক্ষর রেখেছেন। তার দক্ষতা, সততা ও কর্মঅভিজ্ঞতা বিবেচনা করে জনাব মোঃ ছাদির মিয়াকে ১ (এক) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : জনাব মোঃ ছাদির মিয়া, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড-কে ১ (এক) বছরের জন্য চুক্তি ভিত্তিক নিয়োগ প্রদানের অনুমোদন প্রদান করা হয়। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।
সংযুক্ত ঃ পরিশিষ্ট-'ক' ও 'খ'।

২৫/০৪

*( মোঃ আবদুর রহিম খান )*
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

*(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি)*
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

পরিশিষ্ট-'ক'

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন মোস্তাক আহমেদ (জি), পিএসসি, বিএন — উপস্থিত
অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) উইং কমান্ডার শামীম — উপস্থিত
প্রতিনিধি, অধিনায়ক, বিএএফ বেস বাশার, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি — উপস্থিত
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) মেজর মোঃ মুর্শেদুর রহমান ইসহাক — উপস্থিত
স্টেশন হেলথ অফিসার
প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক — উপস্থিত
বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) জনাব হেলাল উদ্দিন আহমেদ — উপস্থিত
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৭) জনাব মোঃ মাহবুব জামিল — অনুপস্থিত
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

পরিশিষ্ট-‘খ’

| ক্র/নং | দোকান মালিকের নাম | দোকান নম্বর | পূর্বে কত বছরের জন্য বরাদ্দ ছিল | পূর্বে ধার্যকৃত সালামীর পরিমান | মেয়াদ উত্তীর্ণের তারিখ | প্রজেক্ট এরিয়ার ভিতর/বাইরে | দোকানের আয়তন |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | মোঃ মোস্তফা চৌধুরী | এ/১১৭ | ০১ বছর | ২৫,০০০/- | ২৪/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ১২´×৯´ |
| ২। | হাবিবুল্লাহ শের ই জামান | ৮/৯ | ০১ বছর | ২৫০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্ট এরিয়া | ৩০´×২০´ |
| ৩। | নুর মোহাম্মদ খান | ৮/১০ | ০১ বছর | ২৫,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্ট এরিয়া | ৩০´×২০´ |
| ৪। | কেরামত আলী | ৮/১১ | ০১ বছর | ২৫,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্ট এরিয়া | ৫০´×২০´ |
| ৫। | আব্দুর রাজ্জাক গাজী | ৮/১২ | ০১ বছর | ২৫০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্ট এরিয়া | ৫০´×২০´ |
| ৬। | ইউনুস আলী হাওলাদার | ৮/১৩ | ০১ বছর | ২৫০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্ট এরিয়া | ২০´×১৫´ |
| ৭। | এম মনসুর আলী | ডি/৮১-১ | ০১ বছর | ২০০০০/- | ৩১/১২/১২ | প্রজেক্ট এরিয়া | ৯´×৩৫´ |
| ৮। | এ, এইচ, এম শাহজাহান | ডি/৮১-২ | ০৩ বছর | ৭৫০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্ট এরিয়া | ৯´×৩৫´ |
| ৯। | মোঃ নুরুল ইসলাম মিয়া | ডি/৮১/৩ | ০৩ বছর | ৭৫০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্ট এরিয়া | ৯´×২০´ |
| ১০। | জনাব মোঃ সাওার ঢালী | মাছের আড়ৎ-১ | ০৫ বছর | ৫০,০০০/- | ২৮/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ৬´ × ৭´ |
| ১১। | জনাব মোল্লা বাবুল | মাছের আড়ৎ-২ | ০৫ বছর | ৫০,০০০/- | ২৮/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ৬´ × ৭´ |
| ১২। | জনাব মোঃ হায়দার | মাছের আড়ৎ-৩ | ০৫ বছর | ৫০,০০০/- | ২৮/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ৬´ × ৭´ |
| ১৩। | জনাব মোঃ সিরাজ বেপারী | মাছের আড়ৎ-৪ | ০৫ বছর | ৫০,০০০/- | ২৮/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ৬´ × ৭´ |
| ১৪। | জনাব মোঃ সোহেল | মাছের আড়ৎ-৫ | ০৫ বছর | ৫০,০০০/- | ২৮/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ৬´ × ৭´ |
| ১৫। | জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন | মাছের আড়ৎ-৬ | ০৫ বছর | ৫০,০০০/- | ২৮/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ৬´ × ৭´ |
| ১৬। | জনাব মোঃ আমির আলী | মাছের আড়ৎ-৭ | ০৫ বছর | ৫০,০০০/- | ২৮/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ৬´ × ৭´ |
| ১৭। | জনাব কাশেম দেওয়ান | মাছের আড়ৎ-৮ | ০৫ বছর | ৫০,০০০/- | ২৮/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ৬´ × ৭´ |
| ১৮। | জনাব মোঃ জাকির হোসেন | মাছের আড়ৎ-৯ | ০৫ বছর | ৫০,০০০/- | ২৮/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ৬´ × ৭´ |
| ১৯। | জনাব মোঃ দুদু মিয়া | মাছের আড়ৎ-১০ | ০৫ বছর | ৫০,০০০/- | ২৮/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ৬´ × ৭´ |
| ২০। | জনাব মোঃ বাবুল ঢালী | মাছের আড়ৎ-১১ | ০৫ বছর | ৫০,০০০/- | ২৮/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ৬´ × ৭´ |
| ২১। | জনাব মোঃ আব্বাস আলী | মাছের আড়ৎ-১২ | ০৫ বছর | ৫০,০০০/- | ২৮/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ৬´ × ৭´ |
| ২২। | জনাব মোঃ আব্বাস উদ্দিন আহমেদ | মাছের আড়ৎ-১৩ | ০৫ বছর | ৫০,০০০/- | ২৮/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ৬´ × ৭´ |
| ২৩। | জনাব মোঃ বাদল সরকার | মাছের আড়ৎ-১৪ | ০৫ বছর | ৫০,০০০/- | ২৮/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ৬´ × ৭´ |
| ২৪। | জনাব মোঃ রতন মিয়া | মাছের আড়ৎ-১৫ | ০৫ বছর | ৫০,০০০/- | ২৮/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ৬´ × ৭´ |
| ২৫। | জনাব মোঃ মিজানুর রহমান | মাছের আড়ৎ-১৬ | ০৫ বছর | ৫০,০০০/- | ২৮/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ৬´ × ৭´ |
| ২৬। | মিসেস আনোয়ারা বেগম | মাছের আড়ৎ-১৭ | ০৫ বছর | ৫০,০০০/- | ২৮/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ৬´ × ৭´ |
| ২৭। | জনাব মোঃ রবিউল | মাছের আড়ৎ-১৮ | ০৫ বছর | ৫০,০০০/- | ২৮/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ৬´ × ৭´ |
| ২৮। | জনাব মোঃ রফিক | মাছের আড়ৎ-১৯ | ০৫ বছর | ৫০,০০০/- | ২৮/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ৬´ × ৭´ |
| ২৯। | জনাব মোঃ সালামত | মাছের আড়ৎ-২০ | ০৫ বছর | ৫০,০০০/- | ২৮/১০/১৫ | প্রজেক্ট এরিয়া | ৬´ × ৭´ |
| ৩০। | মিসেস জাহানারা আহমেদ | এ/৭৯ | ০৩ বছর | ৭৫,০০০/- | ০৭/১২/১৫ | প্রজেক্টের বাহিরে | ১২´×৯´ |
| ৩১। | মিসেস জান্নাত আরা বেগম | টিনশেড/১ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮´×৮´ |
| ৩২। | মোঃ নবী ইউসুফ খান | ০২ | ০২ বছর | [illegible],০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮´×৮´ |
| ৩৩। | মোছাঃ জ্যোস্না বেগম | ০৩ | ০২ বছর | [illegible]০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮´×৮´ |
| ৩৪। | মোঃ দিদার আহমেদ | ০৪ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮´×৮´ |
| ৩৫। | রহমত উল্যাহ | ০৫ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮´×৮´ |
| ৩৬। | মেজর ফেরদৌসী চৌধুরী | ০৬ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮´×৮´ |
| ৩৭। | মিসেস হোসেন আরা | ০৭ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮´×৮´ |
| ৩৮। | মোঃ মাহবুবুল আলম | ০৮ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮´×৮´ |
| ৩৯। | মোছা পারভীন আক্তার | ০৯ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮´×৮´ |
| ৪০। | হাজী আইয়ুব আলী খান | ১০ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮´×৮´ |
| ৪১। | মোঃ ইয়াকুব আলী | ১১ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮´×৮´ |
| ৪২। | মোঃ মাসুদুর রহমান | ১২ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮´×৮´ |
| ৪৩। | আলফত আলী | ১৩ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮´×৮´ |
| ৪৪। | মোঃ লুৎফর রহমান | ১৪ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮´×৮´ |
| ৪৫। | সানাউল্লাহ | ১৫ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮´×৮´ |

| ক্র/নং | দোকান মালিকের নাম | দোকান নম্বর | পূর্বে কত বছরের জন্য বরাদ্দ ছিল | পূর্বে ধার্যকৃত সালামীর পরিমান | মেয়াদ উত্তীর্ণের তারিখ | প্রজেক্ট এরিয়ার ভিতর/বাইরে | দোকানের আয়তন |
|---|---|---|---|---|---|---|---|
| ৪৬। | গোলাম মোস্তফা | ১৬ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮×৮ |
| ৪৭। | মোঃ শহীদুল্লাহ | ১৭ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮×৮ |
| ৪৮। | সুবহান মিয়া | ১৮ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮×৮ |
| ৪৯। | মোঃ আঃ কাদের | ১৯ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮×৮ |
| ৫০। | মোহাম্মদ আলী | ২০ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮×৮ |
| ৫১। | আঃ মান্নান খান | ২১ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮×৮ |
| ৫২। | মোঃ হাফিজ উদ্দিন | ২২ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮×৮ |
| ৫৩। | মাহবুবুর রহমান | ২৩ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮×৮ |
| ৫৪। | জয়নাল আবেদীন | ২৪ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮×৮ |
| ৫৫। | মিসেস পেয়ারা বেগম | ২৫ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮×৮ |
| ৫৬। | বাছেদ খান | ২৬ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮×৮ |
| ৫৭। | ইছহাক আকন্দ | ২৭ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮×৮ |
| ৫৮। | মাহবুবা আক্তার | ২৮ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮×৮ |
| ৫৯। | মোঃ আবুল হাশেম | ২৯ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮×৮ |
| ৬০। | সেলিনা আক্তার | ৩০ | ০২ বছর | ৫০,০০০/- | ৩১/১২/১৫ | প্রজেক্টের বাইরে | ৮× ৮ |